# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Bhadro 02, 1433 Bangla, August 17, 2026, Monday, No. 223, 56th year

# H I G H L I G H T S

PM Tarique Rahman has inaugurated National Fisheries Fortnight-2026, aiming to further strengthen fisheries sector to advance government's goal of building a self-reliant Bangladesh. (Jago FM: 09)

Tarique Rahman has said, government wants to build Bangladesh as a welfare state through people-oriented initiatives to improve people's living standards. (R. Today: 19)

Foreign ministry spokesperson has said, Bangladesh wants a conducive environment for Prime Minister Tarique Rahman's proposed visit to India. (BBC: 03)

EC has declared nominations of ruling BNP candidate Mirza Fakhrul Islam Alamgir and LDP Chairman Oli Ahmed, candidate of 11-party alliance, valid for 23rd presidential election. (BBC: 06)

Finance Minister has said, Bangladesh has inherited significant challenges in infrastructure and power & gas shortages cannot be addressed overnight, it will take at least two years to resolve. (Jago FM: 11)

State Minister for Health & Family Welfare has said, national strategy will be formulated soon to take pharmaceutical industry to next level & achieve self-sufficiency in biosimilar & vaccine production. (Jago FM: 12)

High Court has ordered authorities concerned to survey the boundary of Kaptai Lake in Rangamati and submit a list of illegal occupiers in four months. (Jago FM: 16)

PM Tarique Rahman has congratulated Bangladesh national cricket team on their memorable 9-wicket victory over Australia in the first Test on Australian soil. (Jago FM: 09)

Indonesian authorities has said, at least 51 people have been killed after a magnitude 7.7 earthquake struck off the coast of eastern island of Flores early on Saturday. (BBC: 23)

At least 15 people have been killed in reciprocal cross-border & regional strikes between Russia & Ukraine. (BBC: 07)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ভাদ্র ০২, বাংলা ১৪৩৩, আগস্ট ১৭, ২০২৬, সোমবার, নং- ২২৩, ৫৬তম বছর**

# শিরোনাম

কিশোরগঞ্জে জাতীয় মৎস্য পক্ষ-২০২৬ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী তারেক রহমান, আত্মনির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্যকে এগিয়ে নিতে মৎস্য খাতকে আরও শক্তিশালী করার আহ্বান। (জাগো এফএম: ০৯)

সরকার জনগণের জীবনযাত্রার মান উন্নয়নে জনমুখী উদ্যোগের মাধ্যমে বাংলাদেশকে একটি কল্যাণ রাষ্ট্র হিসেবে গড়ে তুলতে চায় বললেন প্রধানমন্ত্রী। (রে. টুডে: ১৯)

প্রধানমন্ত্রী তারেক রহমানের ভারত সফরের আগে একটি অনুকূল পরিবেশ তৈরির প্রত্যাশা করছে বাংলাদেশ বলে জানালেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র। (বিবিসি: ০৩)

নির্বাচন কমিশন ২৩তম রাষ্ট্রপতি নির্বাচনের জন্য ক্ষমতাসীন বিএনপির প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং ১১-দলীয় জোটের প্রার্থী এলডিপি চেয়ারম্যান অলি আহমেদের মনোনয়ন বৈধ বলে ঘোষণা করেছে। (বিবিসি: ০৬)

বাংলাদেশের অবকাঠামোগত প্রতিবন্ধকতা রয়েছে এবং বিদ্যুৎ ও গ্যাসের ঘাটতি রাতারাতি সমাধান করা সম্ভব নয়, এটি সমাধানে অন্তত দুই বছর সময় লাগবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী। (জাগো এফএম: ১১)

দেশের ফার্মাসিউটিক্যাল শিল্পকে পরবর্তী ধাপে এগিয়ে নিতে এবং বায়োসিমিলার ও ভ্যাকসিন উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে দ্রুত একটি 'জাতীয় কৌশল' প্রণয়ন করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী। (জাগো এফএম: ১২)

রাঙামাটির কাপ্তাই লেকের সীমানা জরিপ করে চার মাসের মধ্যে অবৈধ দখলদারদের তালিকা দাখিলের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। (জাগো এফএম: ১৬)

অস্ট্রেলিয়ার মাটিতে টেস্ট ফরমেটে প্রথমবারের মত স্বাগতিকদের বিপক্ষে ৯ উইকেটের ঐতিহাসিক জয় পাওয়ায় বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলকে প্রধানমন্ত্রী তারেক রহমানের অভিনন্দন। (জাগো এফএম: ০৯)

ইন্দোনেশীয় কর্তৃপক্ষ জানিয়েছে, শনিবার ভোরে দেশটির পূর্বাঞ্চলীয় ফ্লোরেস দ্বীপের উপকূলের অদূরে আঘাত হানা ৭.৭ মাত্রার ভূমিকম্পে অন্তত ৫১ জন নিহত। (বিবিসি: ২৩)

রাশিয়া ও ইউক্রেনের মধ্যে পারস্পরিক আন্তঃসীমান্ত ও আঞ্চলিক হামলায় অন্তত ১৫ জন নিহত। (বিবিসি: ০৭)

# বিবিসি

## বিদ্যুৎ-জ্বালানি সংকটের জন্য স্বৈরাচারী সরকার দায়ী : প্রধানমন্ত্রী

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, পতিত স্বৈরাচারী আওয়ামী লীগ সরকারের অব্যবস্থাপনা ও অপরিকল্পিত পদক্ষেপের কারণেই দেশে বিদ্যুৎ ও জ্বালানি সংকট তৈরি হয়েছে। এ কারণে দেশের সাধারণ মানুষ কষ্ট পাচ্ছে। রোববার কিশোরগঞ্জের পাকুন্দিয়ায় এক অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি এই কথা বলেন। দেশের জ্বালানি সংকটের প্রসঙ্গ টেনে তারেক রহমান বলেন, "আমি জানি, সমগ্র দেশের মানুষ শুধু ঢাকা শহর না, বাংলাদেশের সকল জেলা উপজেলায় বহু মানুষ বিদ্যুতের কষ্ট ভোগ করছেন এই মুহূর্তে। এই যে বিদ্যুতের সমস্যা, এই সমস্যা স্বৈরাচারের অপরিকল্পিত বিভিন্ন পদক্ষেপের জন্য আজকে বিদ্যুৎ ও জ্বালানির এই অবস্থা।" তিনি বলেন, "আগামী ২৭ তারিখ জাতীয় সংসদের অধিবেশন শুরু হবে। সেই অধিবেশনে দেশের মানুষের কাছে উপস্থাপন করা হবে আগামী দশ বছর এই দেশের বিদ্যুৎ সমস্যার সমাধান কীভাবে করবো। সেই পরিকল্পনা আমরা পবিত্র জাতীয় সংসদে উপস্থাপন করবো।" প্রধানমন্ত্রী বলেন, "এই সংকটের সুযোগ নিয়ে কিছুসংখ্যক ব্যক্তি রাজপথে বিশৃঙ্খলা তৈরির চেষ্টা করছে। রাজপথে যদি বিশৃঙ্খলা তৈরি হয় সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয় সাধারণ জনগণ। তাদের ব্যবসা বাণিজ্য ক্ষতিগ্রস্ত হয়। চাকরি-বাকরি ক্ষতিগ্রস্ত হয়। কিন্তু উপকৃত হয় সেই সব বিশৃঙ্খলাকারীরা।"

(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৮.২০২৬ আলী আহমেদ)

## তারেক রহমানের দিল্লি সফরের সম্ভাবনা আপাতত বাতিল করলো ঢাকা

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের দিল্লি সফরের সম্ভাবনা আপাতত বাতিল হয়ে গেছে। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয় আজ আনুষ্ঠানিকভাবে বলেছে, "এই সফরের জন্য একটি অনুকূল পরিবেশ তৈরি করা প্রয়োজন।" ঢাকায় রোববার দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রেস ব্রিফিংয়ে এ কথা জানিয়েছেন মন্ত্রণালয়ের মুখপাত্র এ কে এম শহীদুল করিম। এর আগে, ভারতীয় গণমাধ্যমগুলো আভাস দিয়েছিল যে, আগামী সপ্তাহের মাঝামাঝি দুইদিনের সফরে ভারত যেতে পারেন তারেক রহমান। পাশাপাশি ঢাকায় বাংলাদেশের কর্মকর্তারাও গত সপ্তাহে প্রধানমন্ত্রীর ভারত সফরের প্রস্তুতি নেওয়ার আভাস দিয়েছিলেন। মন্ত্রণালয়ের মুখপাত্র এ কে এম শহীদুল করিম বলেছেন, "দ্বিপাক্ষিক প্রত্যর্পণ চুক্তি অনুযায়ী শেখ হাসিনা এবং অন্যান্য পলাতক অপরাধীদের দ্রুত ফেরত পাঠাতে এবং শহিদ শরীফ ওসমান হাদী হত্যাকাণ্ডে অভিযুক্ত ঘাতকদের বাংলাদেশের কাছে হস্তান্তর করতে ভারতীয় কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানিয়েছি। বাংলাদেশ এই জবাবের অপেক্ষায় আছে।" প্রসঙ্গত, তারেক রহমান প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার অনুষ্ঠানে যোগ দিতে আসা ভারতীয় লোকসভার স্পিকার দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পক্ষ থেকে মি. রহমানকে ভারত সফরের আনুষ্ঠানিক আমন্ত্রণ জানিয়েছিলেন। এছাড়া ভারতের দিক থেকে আরও একটি আমন্ত্রণ ছিল। সেটি হলো চলতি বছরের সেপ্টেম্বরে ভারতের রাজধানী নয়া দিল্লিতে ব্রিকসের যে সম্মেলন হবে, সেখানে বিমসটেকের বর্তমান চেয়ারম্যান হিসেবে প্রধানমন্ত্রী তারেক রহমানকে আমন্ত্রণ জানানো হয়েছিল। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান সম্প্রতি প্রধানমন্ত্রীর সাথে ভারতীয় হাইকমিশনারের সাক্ষাতের পর এসব আমন্ত্রণের কথা জানিয়ে বলেছিলেন, তারা তখনও এ বিষয়ে কোনো সিদ্ধান্ত নেননি। কিন্তু এর মধ্যেই দুই দেশের সংবাদমাধ্যমে কর্তৃপক্ষের সূত্রকে উদ্ধৃত করে বাংলাদেশের প্রধানমন্ত্রী অগাস্টের তৃতীয় সপ্তাহে দিল্লি সফরে যেতে পারেন বলে খবর বেরিয়েছিল।

### পররাষ্ট্র মন্ত্রণালয় যা বললো

দুপুরে ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র এ কে এম শহীদুল করিম এক সংক্ষিপ্ত ব্রিফিংয়ে প্রধানমন্ত্রীর সম্ভাব্য ভারত সফর নিয়ে সরকারের অবস্থান তুলে ধরেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য ভারত সফর নিয়ে 'উভয় দেশ কয়েক সপ্তাহ ধরে পরস্পরের সাথে যোগাযোগ রক্ষা করছে'। "তবে, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল কর্তৃক মানবতাবিরোধী অপরাধের দায়ে দণ্ডপ্রাপ্ত শেখ হাসিনা গত ৫ আগস্ট নতুন দিল্লিতে যেভাবে প্রকাশ্য সংবাদ সম্মেলনে কথা বলেছেন, তাতে এই প্রক্রিয়ার পরিবেশ বিনষ্ট হয়েছে। আমরা এ বিষয়ে আমাদের অবস্থান পরিষ্কার করেছি। আমরা মনে করি, এই সফরের জন্য একটি অনুকূল পরিবেশ তৈরি করা প্রয়োজন," ব্রিফিংয়ে বলেন তিনি। মি. করিম বলেন, "দ্বিপাক্ষিক প্রত্যর্পণ চুক্তি অনুযায়ী শেখ হাসিনা এবং অন্যান্য পলাতক অপরাধীদের দ্রুত ফেরত পাঠাতে এবং শহিদ শরীফ ওসমান হাদী হত্যাকাণ্ডে অভিযুক্ত ঘাতকদের বাংলাদেশের কাছে হস্তান্তর করতে ভারতীয় কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানিয়েছি। বাংলাদেশ এই জবাবের অপেক্ষায় আছে।" "এ সময় সরকারের পক্ষ থেকে পুনর্ব্যক্ত করা হয়, সার্বভৌম সমতা, জাতীয় মর্যাদা, একে অপরের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করা এবং পারস্পরিক স্বার্থের ভিত্তিতে প্রতিবেশীসহ অন্যান্য সকল দেশের সাথে বন্ধুত্বপূর্ণ দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়নে আমরা আমাদের 'বাংলাদেশ ফার্স্ট' (বাংলাদেশ প্রথম) নীতি অব্যাহত রাখব," বলেন তিনি। তবে, মি. করিম এসব বিষয়ে সাংবাদিকদের কোনো প্রশ্ন করার সুযোগ দেননি। ফলে তার ভাষায় 'দুই পক্ষের মধ্যে যোগাযোগ' থাকা সত্ত্বেও কেন এখন সফরটি হচ্ছে না তার কোনো ব্যাখ্যা পাওয়া যায়নি।

### শেখ হাসিনার পতনের পর দ্বিপাক্ষিক সম্পর্ক অবনতি

বাংলাদেশে ২০২৪ সালের আগস্টে আওয়ামী লীগ সরকারের পতনের পর গঠিত অন্তর্বর্তী সরকারের সময়ে বাংলাদেশের সঙ্গে ভারতের সম্পর্ক তলানিতে গিয়ে ঠেকেছিল। এমন প্রেক্ষাপটে চলতি বছরের ১২ ফেব্রুয়ারির নির্বাচনে বিএনপি নেতা তারেক রহমানের নেতৃত্বে নির্বাচিত রাজনৈতিক সরকার ক্ষমতায় আসার পর ঢাকা-দিল্লি, দুইপক্ষ থেকেই সম্পর্ক উন্নয়নের চেষ্টা অনেক ক্ষেত্রেই দৃশ্যমান হয়ে উঠেছিল। বিশেষ করে, তারেক রহমানের নেতৃত্বে বিএনপি সরকারের শপথগ্রহণ অনুষ্ঠানে ভারতের লোকসভা স্পিকার ওম বিড়লার উপস্থিতি এবং তারও আগে ২০২৫ সালের ডিসেম্বরে বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার মৃত্যুতে তার প্রতি শ্রদ্ধা জানাতে ঢাকায় এসেছিলেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর। পরে বিএনপি সরকারের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান দিল্লি সফর করেন। সব মিলিয়ে দুই দেশের পক্ষ থেকেই আস্থা বৃদ্ধির চেষ্টা দেখা গেছে। কিন্তু এর মধ্যেই দুই সরকারের মধ্যে অস্বস্তির বড়ো বিষয় হয়ে দাঁড়ায় দিল্লিতে শেখ হাসিনার একটি ভার্চুয়াল সংবাদ সম্মেলনের ঘটনা। জুলাই গণ-অভ্যুত্থানের দ্বিতীয় বার্ষিকীতে ওই সংবাদ সম্মেলনের একদিন আগেই শেখ হাসিনা যাতে ভারতের মাটি ব্যবহার করে রাজনৈতিক বক্তব্য প্রচার করতে না পারে, সে বিষয়ে উদ্বেগ জানিয়ে দেশটির সরকারের সহযোগিতা চেয়েছিল বাংলাদেশের সরকার। ৫ আগস্ট নয়া দিল্লিতে দক্ষিণ এশিয়া ফরেন করেসপন্ডেন্টস ক্লাব এফসিসি সাউথ এশিয়া ওই সংবাদ সম্মেলন আয়োজন করে। সংবাদ সম্মেলনে পরপরই শেখ হাসিনার গণমাধ্যমে কথা বলার দিনেই রাতে কড়া ভাষায় একটি বিবৃতি দেয় বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়। তারেক রহমানের সরকার শুরু থেকেই ভারতে থাকা শেখ হাসিনার বক্তব্য বিবৃতি দেওয়াসহ রাজনৈতিক কর্মকাণ্ড বন্ধ রাখা এবং শেখ হাসিনাকে দেশে ফেরত পাঠানোর ব্যাপারে বিভিন্ন সময় দিল্লিকে অনুরোধ জানানোর কথা সরকারের দিক থেকে বলা হচ্ছিল। ভারতের পক্ষ থেকে বারবারই বলা হয়েছে, শেখ হাসিনার প্রত্যর্পণ প্রশ্নে বাংলাদেশের অনুরোধ খতিয়ে দেখছে তারা। এমন পটভূমিতে গত ১০ আগস্ট বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। মি. ত্রিবেদী ঢাকায় আসার পর প্রধানমন্ত্রীর সাথে এটাই ছিল তার প্রথম আনুষ্ঠানিক সাক্ষাৎ। ওই বৈঠকের পর প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে দেওয়া বিবৃতিতে বলা হয়েছিল, "বৈঠকে বাংলাদেশ ও ভারতের দ্বিপাক্ষিক গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়। বাংলাদেশ আশা করে, ভারত শেখ হাসিনাকে প্রত্যর্পণের প্রক্রিয়া ত্বরান্বিত করবে।" আর বৈঠকের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে ভারতীয় হাইকমিশনার বলেছিলেন, বাংলাদেশের প্রধানমন্ত্রীর সাথে তার 'খুবই ভালো আলোচনা হয়েছে'। তারা এখন সামনের দিকে তাকাচ্ছেন। তিনি তখন বলেছিলেন, "(তারেক রহমানের ভারত সফর বিষয়ে) আমাদের আমন্ত্রণ তো আগে থেকে আছে। ভারতের জনগণ ও প্রধানমন্ত্রী আর লুকিং ফরোয়ার্ড, অ্যান্ড উই আর পজিটিভ। দুই নেতা সাথে বসলে আলোচনা হলে... ডেমোক্রেসিতে ইস্যু থাকবে। ইস্যু না থাকলে ওটা ডেমোক্রেসি না। আমাদের ইস্যু হবে, বাংলাদেশের ইস্যু হবে। কিন্তু মানুষের ইস্যু একটাই- ভালো সম্পর্ক। আর ভালো সম্পর্ক হবে উইন উইন সিচুয়েশনে।" ওই বৈঠকের কয়েক ঘণ্টার মধ্যেই দিল্লিতে গিয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাত করেন দীনেশ ত্রিবেদী, যা তারেক রহমানের সম্ভাব্য ভারত সফর নিয়ে গুঞ্জন আরও বাড়িয়ে দিয়েছিল। কিন্তু শেষ পর্যন্ত আজ পররাষ্ট্র মন্ত্রণালয় আনুষ্ঠানিক ভাবেই জানালো যে, পরিবেশ আরও অনুকূল হওয়ার প্রয়োজন দেখছে বাংলাদেশ। আর সেই অনুকুল পরিবেশের শর্ত হিসেবেই মূলত বিবৃতিতে 'শেখ হাসিনার প্রত্যর্পণ ও ওসমান হাদী হত্যাকাণ্ডে অভিযুক্তদের হস্তান্তরের' শর্তই ঢাকা তুলে ধরেছে বলে মনে করা হচ্ছে। এর আগে, ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা আভাস দিয়েছেন যে, তারেক রহমানের দিল্লি সফরের প্রস্তুতির মূল লক্ষ্য ছিল দুই দেশের মধ্যে আস্থার সম্পর্ক ফিরিয়ে এনে আলোচনার পরিবেশ তৈরি। এখন ঢাকার দিক থেকে অনুকূল পরিবেশ এবং সেজন্য কার্যত শেখ হাসিনার প্রত্যর্পণসহ দুটি শর্ত তুলে ধরার পর দিল্লির প্রতিক্রিয়া কেমন হয়, তা নিয়েই কৌতূহল তৈরি হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৮.২০২৬ আলী আহমেদ)

## চূড়ান্ত পর্যায়ে আছে, যে-কোনো মুহূর্তে পে-স্কেল ঘোষণা : প্রধানমন্ত্রীর মুখ্য সচিব

সরকারি কর্মচারীদের নতুন পে-স্কেল চূড়ান্ত পর্যায়ে রয়েছে, যে-কোনো মুহূর্তে তা ঘোষণা হতে পারে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এ বি এম আব্দুস সাত্তার। রোববার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এক প্রশ্নের জবাবে এ কথা বলেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মি. সাত্তার বলেন, "পে-স্কেল বিবেচনাধীন আছে এবং সরকারের কমিটমেন্ট আছে। এটা আমরা বাস্তবায়ন করবো। এটি চূড়ান্ত পর্যায়ে আছে। যে-কোনো মুহূর্তে পে-স্কেল ঘোষণা হতে পারে।" বাংলাদেশের সরকারি চাকরিজীবীদের নবম পে স্কেল বা বেতন কাঠামো নিয়ে নানা আলোচনা চলছে। কোন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীর বেতন কত বাড়তে পারে, সে বিষয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত আসেনি। স্বাধীনতা পরবর্তী ৫৫ বছরে বাংলাদেশে সরকারি চাকরিজীবীদের জন্য এখন পর্যন্ত মোট আটবার পে-স্কেল ঘোষণা করা হয়েছে. যার সর্বশেষটি হয়েছিল ২০১৫ সালে। বিএনপির নেতৃত্বাধীন সরকার দায়িত্ব নেওয়ার পর থেকে সরকারি চাকরিজীবীদের জন্য নতুন পে-স্কেল নিয়ে নানা আলোচনা থাকলেও এখনো পর্যন্ত সরকারের কাছ থেকে ঘোষণা আসেনি।(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৮.২০২৬ আলী আহমেদ)

## মির্জা ফখরুল ইসলাম আলমগীরের স্থলে কে হচ্ছেন বিএনপির পরবর্তী মহাসচিব?

বিএনপি সরকার ক্ষমতায় আসার পর রাষ্ট্রপতি কাকে করা হবে, সে নিয়ে নানা আলোচনা ছিল গত কয়েকমাস ধরে। ১৩ আগস্ট দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে রাষ্ট্রপতি প্রার্থী ঘোষণার পর দলের মহাসচিবের

পদটিও শূন্য হতে চলেছে। জাতীয় সংসদে বিএনপির সংখ্যাগরিষ্ঠতা থাকায় রাষ্ট্রপতি পদে মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নির্বাচিত হওয়ার বিষয়টি প্রায় নিশ্চিত। যে কারণে তার শূন্য পদে আগামীতে কে হবেন বিএনপির মহাসচিব, সেটি নিয়েও নানা আলোচনা শুরু হয়েছে। প্রথমে ভারপ্রাপ্ত তারপর কাউন্সিলের মাধ্যমে মহাসচিব নির্বাচিত হওয়ার পর প্রায় ১৬ বছর ধরে দ্বিতীয় সর্বোচ্চ এই পদে আসীন ছিলেন বর্ষীয়ান এই নেতা। তার এই পদে ভবিষ্যতে কে দায়িত্ব পালন করবেন, সেই প্রশ্নে দলের ভেতর কিংবা বিভিন্ন গণমাধ্যমে কয়েকজন নেতার নামই ঘুরেফিরে আসছে। তবে, বিএনপির একাধিক নেতা জানিয়েছেন, দলের পক্ষ থেকে এখনো পর্যন্ত কাউকে এই পদের জন্য চূড়ান্ত বা ভারপ্রাপ্ত হিসেবে দায়িত্ব দেওয়া হয়নি। বিএনপির গঠনতন্ত্র অনুযায়ী, দলের স্থায়ী মহাসচিব নির্বাচিত হন জাতীয় কাউন্সিলের মাধ্যমে। তার আগে পর্যন্ত কোনো নেতা সাময়িকভাবে বা ভারপ্রাপ্ত হিসাবে মহাসচিবের দায়িত্ব পালন করতে পারেন। বিএনপির স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান বিবিসি বাংলাকে জানিয়েছেন, এই মুহূর্তে যিনি সিনিয়র যুগ্ম মহাসচিব আছেন রুহুল কবির রিজভী, দলের গঠনতন্ত্র অনুযায়ী তিনিই ভারপ্রাপ্ত মহাসচিব হবেন। মির্জা ফখরুল ইসলামের আলমগীরের স্থলে ভারপ্রাপ্ত মহাসচিব হিসেবে মি. রিজভীর বিষয়টি দলের পক্ষ থেকে নিশ্চিত করা হলেও পূর্ণাঙ্গ দায়িত্ব পাওয়ার বিষয়টি এখনো নিশ্চিত করে বলতে পারেনি কেউ। কেননা, এক্ষেত্রে মি. রিজভী ছাড়াও আরো দুই তিনজনের নাম দলের নেতাকর্মীদের মধ্যে নানা আলোচনায় শোনা গেছে। যদিও সে বিষয়গুলো নিয়ে দলীয় হাইকমান্ড বা স্থায়ী কমিটির বৈঠকে এখনো আলোচনা হয়নি। বিএনপির সূত্রগুলো বলছে, বিএনপির জাতীয় কাউন্সিলে কিংবা সেই সময়ে পূর্ণাঙ্গভাবে কাউকে মহাসচিবের দায়িত্ব দেওয়া হতে পারে। তবে তার আগে ভারপ্রাপ্ত মহাসচিব হিসেবে মি. রিজভী দায়িত্ব পালন করতে পারেন। বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বিবিসি বাংলাকে বলেছেন, "আনুষ্ঠানিক ঘোষণা এখনো আসেনি। পার্টি যেটা সিদ্ধান্ত নেবে, সেটার জন্যই অপেক্ষা করে আছি।" তবে বিএনপির নেতারা আভাস দিয়েছেন, দলীয় ফোরামে আলোচনা হলেও মহাসচিব কে হবেন, সেটা মূলত নির্ভর করবে দলের চেয়ারম্যান তারেক রহমানের সিদ্ধান্তের ওপরে।

**প্রথমে ভারপ্রাপ্ত, তারপর পূর্ণাঙ্গ দায়িত্ব?**

বিএনপির সিনিয়র নেতা খন্দকার দেলোয়ার হোসেন দলটির মহাসচিবের দায়িত্ব পেয়েছিলেন ২০০৭ সালে সেনা সমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের সময়ে। ২০১১ সালে খন্দকার দেলোয়ার যখন মারা যান তখন দলের সিনিয়র যুগ্ম মহাসচিব ছিলেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। মি. হোসেনের মৃত্যুজনিত কারণে পদ শূন্য হলে তখন ভারপ্রাপ্ত মহাসচিব করা হয় মি. আলমগীরকে। পরে ২০১৬ সাল পর্যন্ত ভারপ্রাপ্ত হিসেবেই দায়িত্ব পালন করেন তিনি। পরে ২০১৬ সালের জাতীয় কাউন্সিলে তিনি পূর্ণাঙ্গ মহাসচিব নির্বাচিত হন। রাষ্ট্রপতি পদে মির্জা ফখরুল ইসলাম আলমগীরের দলীয় মনোনয়ন চূড়ান্ত হওয়ায় পর এখন বাকি শুধু ভোটের আনুষ্ঠানিকতা। কারণ সংসদে সংখ্যাগরিষ্ঠতা থাকায় বিএনপির প্রার্থী মি.আলমগীরের বিজয় অনেকটাই নিশ্চিত। ফলে আগামী ২০ তারিখ ভোটের ফলাফলের পর মহাসচিব পদে চূড়ান্ত মনোনয়ন দেওয়া হবে বলে জানিয়েছেন বিএনপির সিনিয়র নেতারা। বিএনপির স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান বিবিসি বাংলাকে বলেন, "রাষ্ট্রপতি পদে মির্জা ফখরুল ইসলাম আলমগীর এখনো কিন্তু প্রার্থী। তিনি এখনো নির্বাচিত হন নি। সেই হিসেবে এখনো মহাসচিব পদটা শূন্য হয়নি। যখন তিনি শপথ নিবেন বা নির্বাচনে জিতে যাবেন, তখন তার এমপি পদসহ সব পদই শূন্য হবে।" দলের কয়েকটি সূত্র বলছে, প্রাথমিকভাবে ভারপ্রাপ্ত মহাসচিব হিসেবে সিনিয়র যুগ্ম মহাসচিব হিসেবে দায়িত্ব পালন করার সম্ভাবনা সবচেয়ে বেশি। তারপর দল থেকে পূর্ণাঙ্গ মহাসচিব যখন দেওয়া হবে, তখন এই পদে রুহুল কবির রিজভী থাকতেও পারেন বা তার পরিবর্তে অন্য কাউকে দায়িত্ব দেওয়াও হতে পারে। মি. রিজভী বিবিসি বাংলাকে বলেন, "কখনও কাউন্সিলের মাধ্যমে পূর্ণাঙ্গ মহাসচিব পদ দেওয়া হয়েছে, কখনও আবার আবার কাউন্সিল ছাড়াও মহাসচিব পদে নিয়োগ দেওয়া হয়েছে। এটার সমস্ত ক্ষমতা দেওয়া আছে চেয়ারম্যানকে। এই দায়িত্ব কাউন্সিল থেকেই দেওয়া হয়েছে।"

২০০৯ সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত নানান চড়াই উৎরাইয়ের মধ্য দিয়ে গেছে বিএনপির রাজনীতি। মাঠে থেকে যে রাজনীতিবিদ দলীয় দায়িত্ব পালন করছেন মির্জা ফখরুল ইসলাম আলমগীরের পর ছিল রুহুল কবির রিজভীর নাম। সেই হিসেবে দলীয় কর্মী সমর্থক থেকে শুরু করে সিনিয়র নেতাদেরও অনেকেই মনে করছেন প্রাথমিকভাবে এই পদে মি. রিজভীকেই মহাসচিব পদের জন্য তার নামটি সবচেয়ে এগিয়ে। যদিও বাংলাদেশের কোনো কোনো গণমাধ্যমের খবরে স্থায়ী কমিটির সদস্য ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদসহ আরো কয়েকজন সিনিয়র নামও সম্ভাব্য হিসেবে সামনে আসছে। সেখানে বলা হয়েছে, সালাহউদ্দিন আহমদকে মন্ত্রণালয় বদলে স্থানীয় সরকার মন্ত্রণালয় দেওয়া হতে পারে। অতীতে রাজনৈতিক দলগুলোর মহাসচিব বা সাধারণ সম্পাদককে এই মন্ত্রণালয়ের দায়িত্ব দেখা গেছে। বাংলাদেশের কোনো কোনো গণমাধ্যমে সম্ভাব্য মহাসচিব হিসাবে দুই যুগ্ম মহাসচিব শহীদউদ্দিন চৌধুরী অ্যানি ও হাবিব উন নবী খান সোহেলের নামও এসেছে। তবে বিএনপির স্থায়ী কমিটির সদস্য মিজ রহমান বিবিসি বাংলাকে বলেন, "বিভিন্ন সময় বিভিন্ন নাম আমরা শুনি। কিন্তু পার্টির ভেতর তো এ নিয়ে কোনো আলোচনা হয়নি। এই যে নামগুলো আসে, নিউজগুলো আসে, নেতাকর্মীরা যা বলতে থাকে, সেই পরিপ্রেক্ষিতে গণমাধ্যম বলে থাকে।" তিনি বলছিলেন, "মহাসচিব হওয়ার মতো যোগ্য তো অনেকেই আছেন। প্রশ্নটা হলো- নিয়ম অনুযায়ী আপাতত রুহুল কবির রিজভী হওয়ার কথা। প্রোটকল অনুযায়ী উনি আসছেন। যদি অন্য কিছু হয়, সেটা পরের ব্যাপার।"

**রিজভীসহ চারজন স্থায়ী কমিটির সদস্য**

রাষ্ট্রপতি পদে মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে প্রার্থী করার দুই দিনের মাথায় বিএনপির সর্বোচ্চ নীতি-নির্ধারণী ফোরাম জাতীয় স্থায়ী কমিটির সদস্য হিসেবে নতুন চারজন নেতাকে মনোনীত করা হয়েছে। রুহুল কবির রিজভী দীর্ঘদিন সিনিয়র যুগ্ম মহাসচিব হিসেবে দায়িত্ব পালন করলেও শনিবার তাকে স্থায়ী কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে। মি. রিজভী ছাড়াও স্থায়ী কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে, বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা কাউন্সিলের সদস্য আমান উল্লাহ আমান, ঢাকা মহানগর উত্তর বিএনপির সাবেক ভারপ্রাপ্ত আহ্বায়ক ফরহাদ হালিম এবং চেয়ারম্যানের উপদেষ্টা কাউন্সিলের সদস্য মো. ইসমাইল জবিউল্লাহকে। বিএনপির সহদপ্তর সম্পাদক মুহাম্মদ মুনির হোসেন স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সাংগঠনিক গতিশীলতা বাড়ানোর লক্ষ্যে এবং দলীয় সিদ্ধান্ত অনুযায়ী এই চার নেতাকে জাতীয় স্থায়ী কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে। বিএনপির সর্বশেষ জাতীয় কাউন্সিল অনুষ্ঠিত হয় ২০১৬ সালে। সেই সময় জাতীয় স্থায়ী কমিটি পুনর্গঠন করা হয়। পরে সদস্যদের মৃত্যু ও পদত্যাগসহ বিভিন্ন কারণে কমিটির কয়েকটি পদ শূন্য হয়। এরপর বিভিন্ন সময়ে স্থায়ী কমিটির পদে নতুন সদস্য যুক্ত করেছে দলটি। এবার একসঙ্গে চারজনকে স্থায়ী কমিটিতে যুক্ত করা হয়েছে। বর্তমানে দলের চেয়ারম্যান তারেক রহমান, খন্দকার মোশাররফ হোসেন, রফিকুল ইসলাম মিয়া, মীর্জা আব্বাস, গয়েশ্বর চন্দ্র রায়, আবদুল মঈন খান, নজরুল ইসলাম খান, মির্জা ফখরুল ইসলাম আলমগীর, আমির খসরু মাহমুদ চৌধুরী, সালাহউদ্দিন আহমদ, সেলিমা রহমান, ইকবাল হাসান মাহমুদ টুকু ও এ জেড এম জাহিদ হোসেন স্থায়ী কমিটির সদস্য হিসেবে রয়েছেন।

**মহাসচিব পদে কে কতদিন ছিলেন?**

বিএনপির সাংগঠনিক কাঠামোতে মহাসচিব পদটি গুরুত্বপূর্ণ। দলের চেয়ারপারসনের পর সাংগঠনিক ও নির্বাহী কর্মকাণ্ডে মহাসচিবের ভূমিকা সবচেয়ে বেশি। যে কারণে মির্জা ফখরুল ইসলামের স্থলাভিষিক্ত কে হবেন, সেই প্রশ্নের সঙ্গে এটিও আসছে যে, তিনি কি পূর্ণাঙ্গ নাকি ভারপ্রাপ্ত হিসেবে দায়িত্ব পাবেন শুরুতে। যদিও স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান বিবিসি বাংলাকে বলেছেন, আগামীতে যাকে মহাসচিবের দায়িত্ব দেওয়া হবে তাকে ভারপ্রাপ্ত নাকি পূর্ণাঙ্গ দায়িত্ব দেওয়া হবে, সেটি নিয়ে দলের হাইকমান্ডে কোনো আলোচনা হয়নি। ১৯৭৮ সালে বিএনপি প্রতিষ্ঠার পর থেকে বিভিন্ন সময়ে একাধিক প্রবীণ ও প্রভাবশালী নেতা এই পদে দায়িত্ব পালন করেছেন। বিএনপি প্রতিষ্ঠার পর ১৯৭৮ সাল থেকে ১৯৮৬ সাল পর্যন্ত বিএনপির প্রথম মহাসচিব ছিলেন অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী। এরপর মহাসচিব হন অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তা মোস্তাফিজুর রহমান। তিনি ১৯৮৬ থেকে ১৯৮৭ সাল পর্যন্ত প্রায় এক বছর মহাসচিবের দায়িত্ব পালন করেন। মি. রহমানের পর ১৯৮৭ সালে মহাসচিব করা হয় কে এম ওবায়দুর রহমানকে। এরপর এক বছরের মতো দায়িত্ব পালন করেন তিনি। ১৯৮৮ সালে আবদুস সালাম তালুকদারকে মহাসচিব করা হয়। মি. তালুকদার ১৯৮৮ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত প্রায় আট বছর এ পদে ছিলেন। ১৯৯৬ সালের জুনে বিএনপির মহাসচিবের দায়িত্ব পান আবদুল মান্নান ভুঁইয়া। এর আগে তিনি দলটির যুগ্ম মহাসচিব ছিলেন। ওয়ান ইলেভের সরকারের সময় ২০০৭ সালে মি. ভুঁইয়াকে দল থেকে বহিষ্কার করা হয়। মি. ভুঁইয়ার মৃত্যুর পর ভারপ্রাপ্ত মহাসচিব করা হয় খোন্দকার দেলোয়ার হোসেনকে। ২০১১ সালের ১৬ মার্চ মৃত্যুর আগ পর্যন্ত প্রায় চার বছর বিএনপির মহাসচিব ছিলেন খোন্দকার দেলোয়ার হোসেন। তার মৃত্যুর পর ভারপ্রাপ্ত মহাসচিব করা তৎকালীন সিনিয়র যুগ্ম মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে। দলের ইতিহাসে সবচেয়ে দীর্ঘ সময় এ পদে ছিলেন মি. আলমগীর। তিনি ২০১১ সালে ভারপ্রাপ্ত মহাসচিব হিসেবে দায়িত্ব নেওয়ার পর ২০১৬ সালের জাতীয় কাউন্সিলে পূর্ণাঙ্গ মহাসচিব নির্বাচিত হন। ২০২৬ সালের ১৩ আগস্ট রাষ্ট্রপতি পদে বিএনপির প্রার্থী হয়েছেন তিনি। ২০ আগস্ট সংসদ সদস্যদের ভোটে নির্বাচিত হলে একই সাথে বিএনপির মহাসচিব ও স্থায়ী কমিটির একটি পদ শূন্য হবে। সেই সাথে স্থানীয় সরকার মন্ত্রী পদের পাশাপাশি ঠাকুরগাঁওয়ের যে আসন থেকে তিনি সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন, সেই আসনটিও শূন্য হতে যাচ্ছে, যেখানে উপ-নির্বাচনের আয়োজন করতে হবে।(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৮.২০২৬ আলী আহমেদ)

## বিদ্যুৎ ও জ্বালানি সংকট নিয়ে প্রধানমন্ত্রীর চ্যালেঞ্জের জবাবে যা বললো জামায়াত

দেশের চলমান বিদ্যুৎ ও জ্বালানি সংকট সমাধানে বিরোধী রাজনৈতিক দলগুলোকে নিজেদের পরিকল্পনা দেওয়ার আহ্বান জানিয়ে শনিবার ছয় মাসের চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছিলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এর পরদিনই রোববার এই চ্যালেঞ্জের জবাবে জরুরি সংবাদ সম্মেলন করেছে সংসদের বিরোধী দল জামায়াতে ইসলামী। সন্ধ্যায় মগবাজারে দলটির কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেছেন, বিদ্যুৎ ও জ্বালানি সংকট মোকাবিলায় বিরোধী দলের পক্ষ থেকে পরিকল্পনা গত ২১ মে তারিখে জাতীয় সংসদের জ্বালানি সংকটসংক্রান্ত বিশেষ কমিটিতে বিরোধী দলের সদস্যরা লিখিতভাবে ১০ দফা সুপারিশ জমা দিয়েছিল। "পরবর্তীতে ৭ জুন মাননীয় জ্বালানিমন্ত্রী নিজেই সেই প্রতিবেদন জাতীয় সংসদে উপস্থাপন করেন, সেই প্রস্তাবগুলো ছিল একেবারেই বাস্তবভিত্তিক," যোগ করেন তিনি। সরকারের কাছে পরিকল্পনা জমা দেওয়ার পর তিন মাস পার হলেও সেই পরিকল্পনার কতটুকু বাস্তবায়ন হয়েছে, সরকারের কাছে প্রশ্ন রাখেন মি. পরওয়ার। তিনি বলেন, এই সংকট সমাধানে বিরোধী দলীয় নেতার পক্ষ থেকে জরুরি সংসদীয় অধিবেশন আহ্বান করা হয়েছিল সে বিষয়েও কোনো সাড়া পাওয়া যায়নি। সংবাদ সম্মেলনে, বিদ্যুৎ সংকট মোকাবিলায় ন্যাশনাল এমার্জেন্সি সেল গঠন,

রুপপুর প্ল্যান্টের উৎপাদনের আসা নিয়ে তথ্য প্রকাশ, জরুরি দরপত্র মূল্যায়নে স্থায়ী মূল্যায়ন ব্যবস্থা তৈরি ও অগ্রাধিকার প্রকল্পগুলোর জন্য একক তদারকি ব্যবস্থা করার বিষয়ে সংস্কার প্রস্তাব তুলে ধরা হয় বিরোধী দলের পক্ষ থেকে।(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৮.২০২৬ আলী আহমেদ)

## রাষ্ট্রপতি পদে মির্জা ফখরুল ও অলি আহমদের মনোনয়ন বৈধ

আগামী ২০ আগস্ট অনুষ্ঠিতব্য রাষ্ট্রপতি পদে নির্বাচনে বিএনপির প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও জামায়াত জোট সমর্থিত প্রার্থী অলি আহমদের মনোনয়নপত্র বৈধ ঘোষণা করেছে নির্বাচন কমিশন। রোববার নির্বাচন ভবনে মনোনয়নপত্র বাছাই করেন নির্বাচনি কর্তা হিসেবে প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন। যাচাই-বাছাই শেষে বর্ষীয়ান এই দুই নেতার মনোনয়নপত্র বৈধ ঘোষণা করেন সিইসি। গত ১৩ আগস্ট রাষ্ট্রপতি পদে মনোনয়নপত্র দাখিলের শেষ দিনে সরকার ও বিরোধী দলের প্রার্থীরা মনোনয়নপত্র দাখিল করেন। ঘোষিত তফসিল অনুযায়ী, আগামী ২০ আগস্ট বাংলাদেশের ২৩তম রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হবে। এর আগে, ১৮ আগস্ট বিকেল ৪টায় প্রার্থিতা প্রত্যাহারের শেষ সময় নির্ধারণ করা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৮.২০২৬ আলী আহমেদ)

## যে-সব রেকর্ড করে অস্ট্রেলিয়ার মাটিতে প্রথমবারের মতো টেস্ট জিতলো বাংলাদেশ

অস্ট্রেলিয়ার সাথে ডারউইনে চারদিনেই টেস্ট ম্যাচ জিতে বাংলাদেশ অজিদের পাশাপাশি বাংলাদেশি সমর্থকদেরও কিছুটা চমকেই দিয়েছে বলা যায়। কারণ জুনের শেষে এই বাংলাদেশ টিমই অপেক্ষাকৃত দুর্বল জিম্বাবুয়ের কাছে ইনিংস ব্যবধানে টেস্টে হেরেছে, তাও আবার তিন দিনের মধ্যে। ডারউইন টেস্টের প্রথম সেশন থেকেই বাংলাদেশ দল তাদের প্ল্যান অনুযায়ী খেলেছে এবং প্রতি সেশনে তাদের সেই পরিকল্পনার পূর্ণ বাস্তবায়নের চেষ্টা করেছে, যার প্রতিফলন হয়েছে ম্যাচের ফলাফলে। দুই ইনিংসে বোলারদের ধারাবাহিকতা আর প্রথম ইনিংসে ব্যাটসম্যানদের করা চারশোর বেশি রানের ওপর ভর করে চারদিনের মধ্যে নয় উইকেটে ম্যাচ জিতে অস্ট্রেলিয়ার মাটিতে প্রথম টেস্ট জয়ের রেকর্ড গড়লো বাংলাদেশ। আর এই রেকর্ডের পাশাপাশি আরো বেশ কয়েকটি ক্ষেত্রে রেকর্ড করেছে বাংলাদেশ দল ও ক্রিকেটাররা। অষ্ট্রেলিয়ার মাটিতে নিজেদের খেলা তৃতীয় ম্যাচে বাংলাদেশ প্রথম টেস্ট জিতেছে। এর আগে, শুধু ইংল্যান্ড এর চেয়ে কম ম্যাচ খেলে অস্ট্রেলিয়ায় টেস্ট জিতেছিল।ইংল্যান্ড ১৮৭৭ সালে অস্ট্রেলিয়ার মাটিতে খেলা নিজেদের দ্বিতীয় টেস্টে জেতে। এরপর ১৯১১ সালে দক্ষিণ আফ্রিকা অস্ট্রেলিয়ায় খেলা নিজেদের তৃতীয় ম্যাচে জিতেছিল। অর্থাৎ বাংলাদেশ এই ম্যাচে জিতে দক্ষিণ আফ্রিকার সাথে যৌথভাবে অস্ট্রেলিয়ার মাটিতে দ্রুততম সময়ে বা সবচেয়ে কম টেস্ট খেলে জয় পাওয়ার তালিকায় দ্বিতীয় স্থানে উঠে এলো। এ তালিকায় এরপরে রয়েছে ওয়েস্ট ইন্ডিজ, যারা অস্ট্রেলিয়ার মাটিতে প্রথম জয় পায় ৫ম টেস্টে। এছাড়া পাকিস্তান অস্ট্রেলিয়ায় খেলা নিজেদের ৭ম এবং ভারত ১২তম টেস্টে প্রথম জয় পায়। টেস্ট খেলুড়ে দেশগুলোর মধ্যে অস্ট্রেলিয়ার মাটিতে শ্রীলঙ্কা ১৫ টেস্ট খেলে এবং জিম্বাবুয়ে ২ টেস্ট খেলে এখনো তাদের হারাতে পারেনি।

### তানজিদ তামিমের সেঞ্চুরি

ডারউইন টেস্টের প্রথম ইনিংসে ১০১ রানের ইনিংস খেলে অস্ট্রেলিয়ার মাটিতে ক্যারিয়ারের প্রথম ম্যাচের প্রথম ইনিংসে সেঞ্চুরি করা দ্বিতীয় এশিয়ান খেলোয়াড় হওয়ার রেকর্ড গড়েছেন তানজিদ তামিম। এর আগে, ১৯৬৪ সালে অস্ট্রেলিয়ায় নিজের খেলা প্রথম ইনিংসে সেঞ্চুরি করেছিলেন পাকিস্তানের হানিফ মোহাম্মদ। এশিয়ান খেলোয়াড়দের মধ্যে অস্ট্রেলিয়ায় নিজের প্রথম টেস্টে সেঞ্চুরি করেছিলেন সুনিল গাভাস্কারও, ১৯৭৭ সালে। কিন্তু ব্রিসবেনের গ্যাবায় ডিসেম্বর মাসে হওয়া ওই ম্যাচে তার সেঞ্চুরিটি এসেছিল দ্বিতীয় ইনিংসে। একইভাবে ২০২৪ সালে অস্ট্রেলিয়ায় খেলা নিজের প্রথম ম্যাচের দ্বিতীয় ইনিংসে সেঞ্চুরি করেছিলেন ভারতের যশস্বী জয়সওয়াল। এছাড়া অস্ট্রেলিয়ার মাটিতে খেলা নিজেদের প্রথম টেস্টের প্রথম ইনিংসে সেঞ্চুরি করার কীর্তি রয়েছে মার্টিন ক্রো, স্যার গারফিল্ড সোবার্সের মতো কিংবদন্তীদেরও।

### টেস্টে পেস বোলিংয়ে বাংলাদেশের তৃতীয় সেরা ইনিংস

ডারউইন টেস্টে প্রথম ইনিংসে ৫৫ রানে ছয় উইকেট নিয়ে বাংলাদেশের পেসারদের মধ্যে তৃতীয় সেরা পারফরমেন্সের ইতিহাস গড়েছেন হাসান মাহমুদ। এর আগে ২০০৮ সালে মিরপুরে শাহাদাত হোসেন দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ২৭ রানে ছয় উইকেট নিয়েছিলেন, যেটি এখনো বাংলাদেশের কোনো পেসারের সেরা টেস্ট ইনিংস। এরপর দ্বিতীয় সেরা ২০২২ সালে এবাদত হোসেনের নিউজিল্যান্ডের বিপক্ষে ৪৬ রানে ছয় উইকেট নেয়া। হাসান মাহমুদ দ্বিতীয় ইনিংসে নয় উইকেট নিয়ে দুই ইনিংসে নয় উইকেট পাওয়া তৃতীয় বাংলাদেশি পেসারের তালিকায়ও নাম লিখিয়েছেন। এর আগে, শাহাদাত হোসেন আর রবিউল ইসলাম এক টেস্টে নয় উইকেট নেওয়ার কৃতিত্ব দেখিয়েছেন। বাংলাদেশের দারুণ বোলিংয়ের মুখে অস্ট্রেলিয়ার প্রথম ইনিংস শেষ হয় ১৯৮ রানে। এরপর তানজিদ তামিমের সেঞ্চুরি আর শান্ত-মিরাজের হাফসেঞ্চুরিতে বাংলাদেশ নিজেদের প্রথম ইনিংসে করে ৪২৬। অস্ট্রেলিয়ার দ্বিতীয় ইনিংস থামে ২৮৪'তে আর বাংলাদেশের জন্য টার্গেট ঠিক হয় ৫৭। চতুর্থ দিনের তৃতীয় সেশনে মাত্র এক উইকেট হারিয়েই নয় উইকেটে সহজ জয় তুলে নেয় বাংলাদেশ।(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৮.২০২৬ আলী আহমেদ)

## রাশিয়া ও ইউক্রেনজুড়ে চলছে পাল্টাপাল্টি ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা

রাশিয়া ও ইউক্রেনের বিভিন্ন অঞ্চলে রোববার ব্যাপক ড্রোন হামলা ও ক্ষেপণাস্ত্র হামলা চলছে। দক্ষিণ রাশিয়ার রোস্তভ অঞ্চলের গভর্নর জানিয়েছেন, রাতভর ইউক্রেনের চালানো হামলায় ওই এলাকায় পাঁচজন নিহত হয়েছেন। গভর্নর ইউরি স্লিউসার বলেন, হামলায় বেশ কয়েকটি ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে এবং দুটি বনাঞ্চলে আগুনও ছড়িয়ে পড়ে। ইউক্রেনের কর্মকর্তারা জানিয়েছেন, রাতভর রাশিয়ার চালানো হামলায় অন্তত পাঁচজন নিহত হয়েছেন। ইউক্রেন জানিয়েছে, তারা রাশিয়ার তিনটি ক্ষেপণাস্ত্র এবং প্রায় ১০০টি ড্রোন ভূপাতিত করেছে। ইউক্রেনে রাজধানীতে বিমান হামলার সতর্কতা সকাল পর্যন্ত অব্যাহত ছিল। অন্যদিকে, মস্কোর মেয়র জানিয়েছেন রাতভর মস্কোতে ৬০০টি ইউক্রেনীয় ড্রোন হামলা হয়েছে। এই হামলাকে সাম্প্রতিক সময়ে চালানো সবচেয়ে বড় ড্রোন হামলা হিসেবে অভিহিত করেছে মস্কোর মেয়র।(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৮.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

### ফিলিস্তিনের সমর্থনে দক্ষিণ কোরিয়া ও জার্মানিতে বিক্ষোভ

ইহুদিবাদী ইসরায়েলি শাসকগোষ্ঠীর প্রতি পশ্চিমা দেশগুলোর সামরিক সমর্থনের বিরোধিতা করে জার্মানি ও দক্ষিণ কোরিয়ার অনেক নাগরিক বিক্ষোভ করেছেন। ইরনার বরাত দিয়ে পার্সটুডে জানিয়েছে, জার্মানির রাজধানী বার্লিনে বিক্ষোভকারীরা ইসরায়েলের প্রতি পশ্চিমা দেশগুলোর সামরিক সমর্থনের প্রতিবাদে সমাবেশ করেছেন। এ সময় তারা ফিলিস্তিনি জনগণের সঙ্গে সংহতি প্রকাশ করে বিভিন্ন স্লোগান দেন। এদিকে, দক্ষিণ কোরিয়ার রাজধানী সিউলেও বহু বিক্ষোভকারী সমাবেশ করে ফিলিস্তিনিদের প্রতি সংহতি প্রকাশ করেছেন এবং গাজায় ইসরায়েলি সরকারের অপরাধ বন্ধের দাবি জানিয়েছেন। বিক্ষোভকারীরা "ফিলিস্তিনকে অবশ্যই মুক্ত করতে হবে"- এই স্লোগান দিয়ে অধিকৃত ভূখণ্ডে ইসরায়েলিদের দখলদারিত্বের প্রতিবাদ জানান। (রেডিও তেহরান ওয়েব পেজ : ১৬.০৮.২০২৬ নারগীস)

### আমরা সামরিক ও রাজনৈতিক যুদ্ধে-উভয় ক্ষেত্রেই বিজয়ী হয়েছি : কলিবফ

ইরানের পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাকের কলিবফ বলেছেন, বর্তমানে ইরান একটি অন্যায় যুদ্ধে রয়েছে, যার নেতৃত্বে রয়েছে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল। কিন্তু ইরানের জনগণ সাহসিকতা, দৃঢ়তা ও নিষ্ঠার সঙ্গে প্রতিরোধ করে যুদ্ধ করেছে। তিনি বলেন, আমি এমন একজন ভাই হিসেবে, যিনি যুদ্ধের বিস্তারিত বিষয় সম্পর্কে অবগত, পুরোপুরি আত্মবিশ্বাসের সঙ্গে বলছি-এই যুদ্ধে আমরা সামরিক ও রাজনৈতিক-উভয় ক্ষেত্রেই প্রকৃত অর্থে বিজয়ী হয়েছি। কলিবফ আরও বলেন, ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক কূটনৈতিক ময়দানে অর্জিত বিজয়কে সুসংহত করার পথে গৌরব ও বিজয়ের দলিল। তবে তিনি স্বীকার করেন, জনগণ যেভাবে এই বিজয় অর্জিত হয়েছে, সেভাবে হয়ত এর অনুভূতি উপলব্ধি করতে পারেনি। কিছু ক্ষেত্রে জনগণের প্রাপ্য অধিকার ও অর্জন যথাযথভাবে তুলে ধরতে পারেনি কর্তৃপক্ষ।(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৬.০৮.২০২৬ নারগীস)

## এনএইচকে

### ইন্দোনেশিয়ার পূর্বাঞ্চলে ৭.৭ মাত্রার ভূমিকম্পে ৪৭ জন নিহত হয়েছেন বলে জানিয়েছে দেশটি

ইন্দোনেশীয় কর্তৃপক্ষ জানিয়েছে, শনিবার ভোরে দেশটির পূর্বাঞ্চলীয় উপকূলের অদূরে আঘাত হানা এক ভূমিকম্পে অন্তত ৪৭ জন নিহত হয়েছেন। মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা জানিয়েছে, ৭.৭ মাত্রার ভূমিকম্পটি ফ্লোরেস দ্বীপের উপকূলের অদূরে আঘাত হেনেছে। ভূমিকম্পটির কেন্দ্রস্থল ভূপৃষ্ঠ থেকে ১০ কিলোমিটার গভীরে ছিল বলে অনুমান করা হচ্ছে। কর্মকর্তারা জানিয়েছেন, ৩০০টিরও বেশি বাড়িঘরের পাশাপাশি শিক্ষা ও অন্যান্য সরকারি স্থাপনাও ক্ষতিগ্রস্ত হয়েছে। পুলিশ, সেনাবাহিনী ও অন্যান্য কর্তৃপক্ষ উদ্ধার অভিযান চালাচ্ছে। স্থানীয় আবহাওয়া কর্মকর্তারা জানিয়েছেন যে, ফ্লোরেস দ্বীপের মধ্যাঞ্চলের সমুদ্রে প্রায় এক মিটার উঁচু সুনামি ঢেউ দেখা গেছে। সুলাওয়েসি দ্বীপের দক্ষিণাঞ্চলে ৫৪ সেন্টিমিটার উঁচু ঢেউয়ের খবর পাওয়া গেছে। (এনএইচকে ওয়েব পেজ: ১৬.০৮.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### প্রধানমন্ত্রীর ভারত সফরের আগে অনুকূল পরিবেশ চায় বাংলাদেশ

প্রধানমন্ত্রী তারেক রহমানের ভারত সফরের আগে একটি অনুকূল পরিবেশ তৈরির প্রত্যাশা করছে বাংলাদেশ। রোববার দেশটির রাজধানী ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত এক ব্রিফিংয়ে এ কথা বলেছেন মন্ত্রণালয়ের মুখপাত্র এ কে এম শহীদুল করিম। বাংলাদেশে ডয়চে ভেলের কনটেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার তাকে উদ্ধৃত করে লিখেছে, প্রধানমন্ত্রী তারেক রহমানের সফরের সম্ভাবনার বিষয়ে বাংলাদেশ ও ভারত গত কয়েক সপ্তাহ ধরে যোগাযোগ রক্ষা করছে। তবে, গণ-অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ৫ আগস্ট ভারতে সংবাদমাধ্যমে কথা বলার ফলে প্রক্রিয়াটি ক্ষতিগ্রস্ত হয়েছে। মুখপাত্র বলেন, আমরা এ বিষয়ে আমাদের অবস্থান স্পষ্ট করেছি। আমাদের অভিমত হলো, এই সফরের জন্য উপযুক্ত পরিবেশ তৈরি করা প্রয়োজন। তিনি বলেন, এ জন্য আমরা ভারতীয় কর্তৃপক্ষকে শেখ হাসিনা এবং অন্যান্য পলাতক অপরাধীদের দ্রুত হস্তান্তরের (প্রত্যর্পণ) অনুরোধ জানিয়েছি। ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরীফ ওসমান হাদির অভিযুক্ত খুনিদের হস্তান্তরের জন্যও ভারতের প্রতি অনুরোধ জানিয়েছে বাংলাদেশ। মুখপাত্র বলেন, সার্বভৌমত্ব, সমতা, জাতীয় মর্যাদা, একে অপরের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করা এবং পারস্পরিক সুবিধার ভিত্তিতে প্রতিবেশী বিভিন্ন দেশসহ অন্যান্য দেশের সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক উন্নয়নে আমরা আমাদের 'ব্যালেন্স ফার্স্ট' (ভারসাম্য রক্ষা) নীতি অনুসরণ করে যাব। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৬.০৮.২০২৬ রনি)

### ইসরায়েলি বিমান হামলায় লেবাননে নিহত ১১

ইসরায়েলি বিমান হামলায় শনিবার লেবাননের দক্ষিণাঞ্চলে শিশু ও নারীসহ অন্তত ১১ জন মারা গেছেন। বেসামরিক নাগরিকদের লক্ষ্য করে হামলা চালানো হয়েছে অভিযোগ এনে নিন্দা জানিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী নাওয়াফ সালাম। তবে ইসরায়েল বলেছে, হেজবোল্লাহর স্থাপনা ও অবকাঠামোই ছিল তাদের লক্ষ্য। প্রায় দুই মাস আগে ইসরায়েল-হিজবুল্লাহ যুদ্ধবিরতির পর এটিই এখন পর্যন্ত সবচেয়ে বড়ো প্রাণঘাতী হামলা। ইরান-সমর্থিত হিজবুল্লাহ হামলার কড়া সমালোচনা করেছে এবং ইসরায়েলের সঙ্গে 'অপমানজনক' শান্তি আলোচনা বন্ধের দাবি জানিয়েছে। লেবাননের স্বাস্থ্য

মন্ত্রণালয় জানিয়েছে, আনসার গ্রামের কাছে একটি হামলায় সাতজন নিহত ও দুইজন আহত হয়েছেন। নিহতদের মধ্যে তিন শিশু ও দুই নারী ছিলেন। শনিবার সূর্যোদয়ের সময় চালানো এই হামলায় ওই এলাকার একটি বাড়ি ধ্বংস হয়ে গেছে বলে জানিয়েছে লেবাননের রাষ্ট্রীয় বার্তা সংস্থা এনএনএ। জার্মান সংবাদ সংস্থা ডিপিএ স্থানীয় বাসিন্দাদের উদ্ধৃতি দিয়ে বলেছে, ওই বাড়িটিকে হিজবুল্লাহর একটি ঘাঁটি হিসেবে ব্যবহার করা হতো। দ্বিতীয় হামলাটি করা হয়েছে দেইর আল-জাহরানি গ্রামে। এতে চারজন নিহত এবং ১৭ জন আহত হয়েছেন। ইসরায়েলি সেনাবাহিনী দক্ষিণ লেবাননে হিজবুল্লাহর স্থাপনায় হামলার কথা স্বীকার করেছে। তাদের দাবি, হিজবুল্লাহর হামলার জবাব দিতেই পাল্টা হামলা চালানো হয়েছে। এই হামলার 'যথাযথ' জবাব দেওয়া হবে বলেও পাল্টা হুমকি দিয়েছে হিজবুল্লাহ।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৬.০৮.২০২৬ রনি)

## জাগো নিউজ

### কিশোরগঞ্জে মাছের পোনা অবমুক্ত ও বিতরণ কার্যক্রমে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান কিশোরগঞ্জের পাকুন্দিয়া উপজেলার মির্জাপুর চেয়ারম্যান বাড়ি ঘাট এলাকায় পুরাতন ব্রহ্মপুত্র নদে মাছের পোনা অবমুক্ত ও বিতরণ কার্যক্রমে অংশ নিয়েছেন। রোববার (১৬ আগস্ট) বেলা সাড়ে ১১টার পর 'জাতীয় মৎস্য পক্ষ-২০২৬' উপলক্ষ্যে তিনি এ মাছের পোনা অবমুক্তকরণ ও বিতরণে অংশ নেন। এ সময় তিনি স্থানীয়দের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি-১ জাহিদুল ইসলাম রনি এ তথ্য জানান। এর আগে, এদিন বেলা সাড়ে ১১টার দিকে উপজেলার মির্জাপুর চেয়ারম্যান বাড়িঘাট এলাকায় পৌঁছান তিনি। এ সময় স্থানীয় নেতাকর্মী ও সাধারণ মানুষ বিভিন্ন স্লোগানে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান। প্রধানমন্ত্রীর কিশোরগঞ্জ সফরকে ঘিরে সকাল থেকেই জেলার বিভিন্ন এলাকায় ছিল উৎসবের আমেজ। তার সফর নির্বিঘ্ন করতে জোরদার করা হয়েছে নিরাপত্তা ব্যবস্থা। দুপুর সাড়ে ১২টার দিকে প্রধানমন্ত্রী কটিয়াদীর আচমিতা এলাকায় কার্প হ্যাচারি কমপ্লেক্স পরিদর্শন করবেন। দুপুর ১টার দিকে আচমিতা জর্জ ইনস্টিটিউশন মাঠে জাতীয় মৎস্য পক্ষ-২০২৬-এর উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দেবেন তিনি। ঢাকার বাইরে এবারই প্রথম জাতীয় পর্যায়ের মৎস্য পক্ষের উদ্বোধন হচ্ছে কিশোরগঞ্জে। হাওর, নদী-বিল ও মিঠাপানির মাছের সমৃদ্ধ ভাণ্ডার হিসেবে পরিচিত বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের মৎস্য খাতের সম্ভাবনা ও সাফল্য জাতীয় পর্যায়ে তুলে ধরতেই এবারের আয়োজন কিশোরগঞ্জে করা হয়েছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

### বিএনপি সরকারের ওপর আস্থা রাখার আহ্বান প্রধানমন্ত্রীর

উন্নয়নের জন্য বিএনপি সরকারের ওপর আস্থা রাখার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (১৬ আগস্ট) দুপুরে কিশোরগঞ্জের পাকুন্দিয়ায় এক সমাবেশে জনগণের উদ্দেশ্যে বক্তব্যকালে তিনি এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, "জনগণের সমর্থনে বিএনপি সরকার গঠন করেছে। এই সমর্থন দিয়ে আপনারা আস্থা রেখেছিলেন বিএনপির ওপর। পরিষ্কারভাবে আমি বলে দিতে চাই, ইনশাআল্লাহ আপনারা আস্থা ধরে রাখুন। বিএনপি আপনাদের সঙ্গে ছিল, বিএনপি বাংলাদেশের জনগণের পাশে আছে, বিএনপি বাংলাদেশের জনগণের সঙ্গে থাকবে। বিএনপি বাংলাদেশের জনগণের জন্যই কাজ করবে। যতদিন বিএনপি টিকে থাকবে, ইনশাআল্লাহ দেশ এবং জনগণের স্বার্থের বাইরে কোনো কাজ করবে না," যোগ করেন তারেক রহমান। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

### উন্নয়ন ও রাষ্ট্র সংস্কারে বাধা দিলে রুখে দাঁড়াতে হবে : তারেক রহমান

উন্নয়ন কাজে বাধা, রাজপথে বিশৃঙ্খলা এবং মিথ্যা তথ্য ছড়িয়ে মানুষকে বিভ্রান্তকারীদের বিরুদ্ধে জনগণকে রুখে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (১৬ আগস্ট) দুপুর ১২টার দিকে কিশোরগঞ্জের পাকুন্দিয়া উপজেলার মির্জাপুর চেয়ারম্যান বাড়িঘাট এলাকায় জাতীয় মৎস্য পক্ষ-২০২৬ উপলক্ষ্যে পুরাতন ব্রহ্মপুত্র নদে মাছের পোনা অবমুক্ত, স্থানীয় জেলেদের মধ্যে মাছের পোনা বিতরণ ও স্থানীয় মানুষের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, "যারা উন্নয়ন কাজে বাধা দেবে, যারা রাজপথে বিশৃঙ্খলা তৈরি করবে, যারা দেশের মানুষকে মিথ্যা কথা বলে বিভ্রান্ত করবে, তাদের বিরুদ্ধে আপনাদের রুখে দাঁড়াতে হবে। আমরা দেখেছি, স্বৈরাচার এ দেশ থেকে পালিয়ে গেছে। যারা বাংলাদেশের মানুষের কথা বলার অধিকার কেড়ে নিতে চেয়েছিল, রাজনৈতিক অধিকার হরণ করতে চেয়েছিল এবং মানুষের ভাগ্যের পরিবর্তনের পথ বন্ধ করে দিতে চেয়েছিল, তাদের বিরুদ্ধে বাংলাদেশের মানুষ রুখে দাঁড়িয়েছিল। জনগণ তাদের এই দেশ থেকে বিতাড়িত করেছে।" তিনি আরও বলেন, "এখন সময় হচ্ছে কাজ করার, দেশকে সামনে এগিয়ে নেওয়ার। আমরা যদি দেশকে সামনে এগিয়ে নিতে না পারি, তাহলে দেশের মানুষকে কষ্ট করে থাকতে হবে। বিগত দিনে কীভাবে দেশের মানুষের অর্থ-সম্পদ লুটপাট করে বিদেশে পাচার করা হয়েছে, তা আমরা দেখেছি। সেই পাচারকারীদেরও বাংলাদেশের মানুষ দেশ থেকে বিতাড়িত করেছে।" (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

### ঐতিহাসিক টেস্ট জয়ে টাইগারদের অভিনন্দন জানালেন প্রধানমন্ত্রী

অস্ট্রেলিয়ার বিপক্ষে তাদেরই মাটিতে প্রথমবারের মতো টেস্ট ম্যাচ জয়ের ঐতিহাসিক সাফল্যে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (১৬ আগস্ট) ডারউইনে

সিরিজের প্রথম টেস্টে স্বাগতিক অস্ট্রেলিয়াকে ৯ উইকেটে হারিয়ে স্মরণীয় জয় তুলে নেয় বাংলাদেশ। দীর্ঘ ২৩ বছর পর অস্ট্রেলিয়ার মাটিতে টেস্ট খেলতে নেমেই এই সাফল্য অর্জন করলো টাইগাররা। বাংলাদেশ দল যখন ঐতিহাসিক জয় নিশ্চিত করে, তখন কিশোরগঞ্জের পথে ছিলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ম্যাচ শেষ হওয়ার পর তিনি বাংলাদেশ দলের খেলোয়াড়দের সঙ্গে ভিডিও কলে কথা বলেন এবং ঐতিহাসিক জয়ের জন্য তাদের অভিনন্দন জানান। এ সময় তিনি বাংলাদেশের মানুষের পক্ষ থেকেও দলের খেলোয়াড়দের শুভেচ্ছা পৌঁছে দেন। প্রধানমন্ত্রী বলেন, অস্ট্রেলিয়ার মতো শক্তিশালী দলের বিপক্ষে তাদের মাটিতে বাংলাদেশের এই ঐতিহাসিক জয় দেশের ক্রিকেটের জন্য অত্যন্ত গৌরবের। দলের খেলোয়াড়দের দৃঢ় মনোবল, আত্মবিশ্বাস, দক্ষতা ও দলগত প্রচেষ্টার ফলেই এই অসাধারণ সাফল্য অর্জিত হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## মৎস্যজাত পণ্য থেকে বাৎসরিক আয় ৬ হাজার কোটি টাকা : প্রধানমন্ত্রী

চিংড়িসহ বিভিন্ন মাছ ও মৎস্যজাত পণ্য বিদেশে রপ্তানি করে বাংলাদেশ বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন করছে। ২০২৫-২৬ অর্থবছরে বিশ্বের প্রায় ৫২টি দেশে মাছ ও মৎস্যজাত পণ্য রপ্তানি করে বাংলাদেশ ৬ হাজার কোটি টাকার বেশি সমমূল্যের বৈদেশিক মুদ্রা অর্জন করেছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, এশিয়ার দেশগুলো ক্রমেই মিঠাপানির মাছ উৎপাদনের কেন্দ্রে পরিণত হচ্ছে। এ ক্ষেত্রে বাংলাদেশের সম্ভাবনাও অত্যন্ত উজ্জ্বল। রোববার (১৬ আগস্ট) দুপুর ২টার দিকে কিশোরগঞ্জে জাতীয় মৎস্য পক্ষ-২০২৬ এর উদ্বোধন ও পদক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, মৎস্য খাতে যারা উদ্যোক্তা, ব্যবসায়ী, মৎস্য চাষি এবং বিভিন্নভাবে সম্পৃক্ত, তারা সবাই এই অর্জনের দাবিদার। যারা আজ পুরস্কৃত হয়েছেন, তাদেরসহ এ খাতের সঙ্গে যুক্ত প্রত্যেককে আন্তরিক ধন্যবাদ জানাই। তিনি বলেন, মৎস্য চাষ দেশের মানুষের পুষ্টির চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। একইসঙ্গে মাছ চাষ, আহরণ, পরিবহণ, প্রক্রিয়াজাতকরণ ও বিক্রয়কে ঘিরে বিপুল মানুষের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। প্রান্তিক জনগোষ্ঠীর আয় বাড়াতেও মৎস্য খাতের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। প্রধানমন্ত্রী বলেন, নদীমাতৃক বাংলাদেশে পুকুর, বিল, হাওর-বাঁওড়সহ বিভিন্ন জলাশয় কাজে লাগিয়ে এবং অল্প জমি ব্যবহার করে মাছ চাষের মাধ্যমে মানুষের স্বাবলম্বী হওয়ার ব্যাপক সুযোগ রয়েছে। এ কারণে দেশের যে-সব পুকুর, হাওর, বিল ও অন্যান্য জলাশয় অব্যবহৃত পড়ে আছে, সেগুলো সংস্কার করে মাছের পোনা ছাড়ার উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি আরও বলেন, যে এলাকার জলাশয়গুলো সংস্কার করা হবে, ওই এলাকার তরুণদের মধ্যে সেগুলো সুন্দরভাবে বণ্টন করা হবে। এর মাধ্যমে তরুণদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। এ বিষয়ে মৎস্য মন্ত্রণালয়ের দায়িত্বে থাকা প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকুকে এরই মধ্যে নির্দেশনা দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## গাজীপুরে গ্যাস সংকটে উৎপাদন কমেছে ৪০ শতাংশ

শিল্পনগরী গাজীপুর জেলায় গ্যাস সংকটে ১৫ শতাংশ কারখানায় উৎপাদনে বিঘ্ন ঘটছে, উৎপাদন কমে গেছে ৪০ শতাংশ। রোববার (১৬ আগস্ট) দুপুরে গাজীপুর ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-২ এর পুলিশ সুপার মোহাম্মদ আমজাদ হোসাইন এ তথ্য জানিয়েছেন। তবে গ্যাস সংকটের বাস্তব চিত্র আরও ভয়াবহ বলে জানিয়েছেন কারখানা সংশ্লিষ্ট শ্রমিক, কর্মকর্তা ও কর্মচারীরা। গ্যাস সংকটে কর্মহীন অবস্থায় দিন পার করতে হচ্ছে অনেক শ্রমিককে। চাকরি হারানোর শঙ্কাও দেখা দিয়েছে তাদের মাঝে। তবে এ বিষয়ে কথা বলতে অনেক কারখানার মালিক ও কর্মকর্তারা অনীহা প্রকাশ করেছেন। চলতি মাসের ১ তারিখ থেকে বন্ধ ঘোষণা করা হয়েছে গাজীপুরের কোনাবাড়ি ফুয়াদ স্পিনিং মিলস্ লিমিটেড কারখানা। এতে ওই কারখানার প্রায় ৫ শতাধিক শ্রমিক কর্মহীন হয়ে পড়েছে। গ্যাস সংকটের কারণে অব্যাহত লোকসান গুনতে হচ্ছিল কারখানা কর্তৃপক্ষকে। কারখানার ডিজিএম আজিজুল হক জানান, কারখানাটিতে প্রায় পাঁচ শতাধিক শ্রমিক কর্মরত ছিল। গ্যাস সংকটের কারণে কয়েক মাস ধরে উৎপাদন ব্যাহত হচ্ছিল। শ্রমিকদের কয়েক মাস বসিয়ে বসিয়ে বেতন ভাতা দেওয়া হয়েছে। এতে অর্থনৈতিক ক্ষতির সম্মুখীন হওয়া থেকে ঠেকাতে আগস্ট মাসের ১ তারিখে কারখানা বন্ধ ঘোষণা করা হয়। গ্যাসের পরিস্থিতির উন্নতি হলে কারখানা খুলে দেওয়া হবে বলে জানান তিনি। গাজীপুরের কালিয়াকৈরের সাদমা ফ্যাশন লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সোহেল রানা বলেন, চলমান গ্যাস সংকটে বেশি প্রভাব পড়ছে তাদের ডাইং সেকশনে। গ্যাসের প্রেসার না থাকায় শ্রমিকদের কাজ বন্ধ রেখে বসে বসে সময় পার করতে হচ্ছে। মাঝে মাঝে গ্যাসের চাপ ফিরলে উৎপাদন শুরু করা গেলেও বেশিক্ষণ স্থায়ী হচ্ছে না। প্যারামাউন্ট টেক্সটাইল মিলস্ লিমিটেডের এজিএম রবিউল ইসলাম বলেন, গ্যাস সংকটে উৎপাদন কমেছে, কারখানার স্বাভাবিক কাজকর্মে ব্যাঘাত ঘটছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## যে-কোনো মুহূর্তে পে-স্কেল ঘোষণা : মুখ্য সচিব

সরকারি কর্মচারীদের নতুন পে-স্কেল চূড়ান্ত পর্যায়ে রয়েছে। যে-কোনো মুহূর্তে তা ঘোষণা হতে পারে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এ বি এম আব্দুস সাত্তার। রোববার (১৬ আগস্ট) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এক প্রশ্নের জবাবে এ কথা বলেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ বি এম আব্দুস সাত্তার বলেন, "পে-স্কেল বিবেচনাধীন আছে এবং সরকারের কমিটমেন্ট আছে। এটা আমরা বাস্তবায়ন করবো। এটি চূড়ান্ত পর্যায়ে আছে। যে-কোনো মুহূর্তে পে-স্কেল ঘোষণা হতে পারে।" বাজার পরিস্থিতি প্রসঙ্গে তিনি বলেন, "বাজারে কিছু সমস্যা আছে, এটাও আমরা চেষ্টা করছি। আপনারা লক্ষ্য করছেন, জ্বালানি এবং বিদ্যুতের কারণে হয়ত প্রোডাকশন

চেইন একটু ডিস্টার্ব হয়েছে। এটা ঠিক হয়ে যাবে ইনশাআল্লাহ।” সরকারের ছয় মাসের কার্যক্রমের মূল্যায়ন প্রসঙ্গে মুখ্য সচিব বলেন, “জানেন যে, আমরা কী রকম একটা দেশ পেয়েছি। এই ১৮ বছর একটা ধ্বংসযজ্ঞের মতো একটা দেশ। সবক্ষেত্রে আমরা খুব একটা প্রতিকূল অবস্থায় দেশের দায়িত্ব গ্রহণ করেছি। বাট, আপনারা লক্ষ্য করেছেন যে, প্রধানমন্ত্রী তারেক রহমান একটা পরিবর্তনের জন্য আপ্রাণ চেষ্টা করছেন এবং অপরিসীম পরিশ্রম করে যাচ্ছেন।” তিনি বলেন, “কিছু অগ্রাধিকার প্রকল্প নিয়ে আমরা মাঠে নেমেছি। কৃষক কার্ড, ফ্যামিলি কার্ড, তারপর হেলথ কার্ড, বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে সম্মাননা। এছাড়া অনেক কিছু আছে। খাল খনন, তারপর আমরা একটা বড়ো কাজ করেছি কৃষকদের ১০ হাজার টাকা পর্যন্ত ঋণ এবং সুদসহ মওকুফ। তো আমরা মনে করি যে, সরকার সঠিকভাবে পরিচালিত হচ্ছে এবং ছয় মাস যথেষ্ট সময় না। আমরা পুরোদমে প্রস্তুতি নিচ্ছি।” বর্তমান সময়ের অন্যতম বড়ো চ্যালেঞ্জ গ্যাস, বিদ্যুৎ ও জ্বালানি সংকট উল্লেখ করে এ বি এম আব্দুস সাত্তার বলেন, “এখন যেটা আমরা দেখছি, সেটা হলো সংকট, গ্যাস, বিদ্যুৎ এবং জ্বালানির। আপনারা এটা জানেন যে, এই সংকটের জন্য এ দেশের এই সরকার দায়ী না। জ্বালানি সংকট তৈরি হয়েছে মধ্যপ্রাচ্যের যুদ্ধের কারণে এবং সেটার বিকল্প ব্যবস্থা বিগত সরকার করতে পারেনি।”
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## হামের উপসর্গে আরও ৬ জনের মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে ৬ শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে ১ হাজার ১০১টি শিশু। রোববার (১৬ আগস্ট) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৬ শিশুর মৃত্যু হয়েছে। তবে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারা দেশে হামের উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে মোট ৮০৯টি শিশুর। আর হামে আক্রান্ত হয়ে আরও ৯৯টি শিশু প্রাণ হারিয়েছে। অর্থাৎ হাম ও হামের উপসর্গ নিয়ে এই সময়ে মোট ৯০৮টি শিশু মারা গেছে। এছাড়া, ২৪ ঘণ্টায় ৮০টি শিশু হামে আক্রান্ত হয়েছে, আর হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা ১ হাজার ২১। এই সময়ে ৯৬৩টি শিশু নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছে, আর হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ৮৫০টি শিশু।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## বিদ্যুৎ-গ্যাস সমস্যা সমাধানে সর্বনিম্ন ২ বছর লাগবে : অর্থমন্ত্রী

দেশে চলমান বিদ্যুৎ ও গ্যাসের সমস্যা সমাধানে সর্বনিম্ন দুই বছর সময় লাগবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, “সবাই বিদ্যুৎ ও গ্যাস নিয়ে কথা বলেছেন। আমরা একধরনের সমস্যার মধ্যে আছি। আমাকে স্বীকার করতেই হবে যে, এটাও অতীত থেকে পাওয়া। কিন্তু দুর্ভাগ্যবশত বিদ্যুৎ ও গ্যাসের বিষয়ে কোনো কিছুই ছয় মাসের মধ্যে সমাধান করা সম্ভব নয়। এক বছরের মধ্যেও কোনো সমাধান সম্ভব নয়। এর জন্য সর্বনিম্ন দুই বছর সময় লাগবে, সর্বনিম্ন। আমরা বিদ্যুৎ ও গ্যাসের এই সমস্যা নিয়ে লড়াই করছি।” রোববার (১৬ আগস্ট) রাজধানীর হোটেল ইন্টার-কন্টিনেন্টালে আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশ (অ্যামচেম) আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। বিদ্যুৎ ও গ্যাস ছাড়া অর্থনীতি আসলেই সামনে এগিয়ে যেতে পারে না উল্লেখ করে আমির খসরু বলেন, “তবে আমি আপনাদের আশ্বস্ত করতে পারি, আমরা দ্রুততম সময়ের মধ্যে সবকিছু করার চেষ্টা করছি। এ বিষয়ে বিন্দুমাত্র সময় নষ্ট করছি না। গ্যাসের ক্ষেত্রে ভাসমান এলএনজি টার্মিনাল, অনশোর (স্থলভাগ) স্টোরেজ সুবিধা- সব বিষয় চূড়ান্ত করা হচ্ছে, যা আপনারা আগামী কয়েক দিনের মধ্যেই জানতে পারবেন।” বিদ্যুৎ খাতে প্রচুর উৎপাদন হলেও সঞ্চালন বড়ো সমস্যা হয়ে দাঁড়িয়েছে বলে জানান মন্ত্রী। তিনি বলেন, “সত্যি বলতে, আমাদের কাছে যে পরিসংখ্যান আসছে, বাস্তবে তা তার চেয়েও অনেক কম। তাই বিদ্যুৎ উৎপাদন এবং পাওয়ার মিক্স বা এনার্জি মিক্স এমন একটি বিষয়, যা নীতির জায়গা থেকে আমরা চূড়ান্ত করার প্রক্রিয়ায় রয়েছি। আমাদের নবায়নযোগ্য জ্বালানি থাকবে, গ্যাসভিত্তিক বিদ্যুৎ থাকবে। কয়লা এমন একটি সম্পদ, যা আমাদের রয়েছে। আমরা কয়লাভিত্তিক বিষয়টিও খতিয়ে দেখছি। তাই জ্বালানির একটি সমন্বিত মিশ্রণ নিয়ে আমরা এগোচ্ছি এবং এই সংমিশ্রণটি মোটামুটিভাবে নির্ধারণ করে ফেলেছি। আশা করি, যথাসময়ে আমরা বিদ্যুৎ ও গ্যাস খাতে একটি বড়ো পরিবর্তন দেখতে পাবো।” (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## গ্যাস সংকটে খাবার জুটছে না শিক্ষার্থীদের

গ্যাসের সংকটে এবার চরম বিপাকে পড়েছেন জামালপুর শহরে পড়তে আসা শিক্ষার্থীরা। বাসাবাড়ির পাশাপাশি শিক্ষাপ্রতিষ্ঠানের আবাসিক হল ও মেসগুলোতেও রান্নাবান্না ব্যাহত হচ্ছে। এতে নিয়মিত খাবার জোগাড় করতে না পেরে অনেক শিক্ষার্থী ধীরে ধীরে শহর ছেড়ে গ্রামের বাড়িতে ফিরে যাচ্ছেন। বিশেষ করে সরকারি আশেক মাহমুদ কলেজের পানাউল্লাহ আহমেদ হলের প্রায় ৫০০ শিক্ষার্থী পড়েছেন চরম দুর্ভোগে। শুধু শিক্ষার্থী নয়, গ্যাস সংকটে বিপাকে পড়েছেন জামালপুর শহরের হাজারও পরিবার, সিএনজি চালক ও জরুরি সেবায় নিয়োজিত অ্যাম্বুলেন্স চালকরা। শুক্রবার রাত থেকে শনিবার বিকেল পর্যন্ত শহরের একমাত্র সিএনজি ফিলিং স্টেশনের সামনে গ্যাসের আশায় ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করেন চালকেরা। একই সময় শহরের সিংহভাগ বাসাবাড়িতেও টানা তিনদিন গ্যাস সরবরাহ বন্ধ থাকায় রান্নাবান্না বন্ধ হয়ে যায়। ফলে খাবার, যাতায়াত ও জরুরি সেবায় তৈরি হয়েছে এক ধরনের নাগরিক

সংকট। গ্যাস না থাকায় বাসাবাড়িতে রান্না বন্ধ হয়ে যায়। কেউ চড়া দামে হোটেল থেকে খাবার কিনেছেন, আবার কেউ এলপিজি ও সিলিন্ডার স্টোভ ব্যবহার করে অতিরিক্ত খরচ সামলানোর চেষ্টা করেছেন। একইসঙ্গে জেলার একমাত্র সিএনজি ফিলিং স্টেশনে গ্যাসের চাপ না থাকায় পরিবহণ খাতেও দেখা দিয়েছে চরম সংকট।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## ‘প্রধানমন্ত্রী-স্বরাষ্ট্রমন্ত্রীর হোটেল’ বলে হুমকি, ম্যানেজার গ্রেফতার

কক্সবাজারের তারকা হোটেল সী-গালের রেস্তোরাঁয় দেশি মুরগির নামে সোনালি মুরগি পরিবেশনের অভিযোগের প্রতিকার চান হোটেলের এক অতিথি। কিন্তু হোটেলটি প্রধানমন্ত্রী তারেক রহমান ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদের বলে পরিচিতি রয়েছে, অভিযোগ করে কোনো লাভ হবে না বলে পর্যটককে হুমকি দিচ্ছেন হোটেলটির রেস্তোরাঁ ম্যানেজার মীর কামরুল হাসান। এ ঘটনায় তাকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার (১৫ আগস্ট) রাতে কক্সবাজার সদর মডেল থানায় এ ঘটনায় দণ্ডবিধির ৪১৯, ৪২০ ও ৫০৬ ধারায় থানার এসআই শুভ্র রুদ্র বাদী হয়ে মামলাটি দায়ের করেন। কক্সবাজার সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মুহাম্মদ আলী বিষয়টি নিশ্চিত করে বলেন, মাননীয় প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর নাম ভাঙিয়ে পর্যটককে হুমকির ঘটনায় পুলিশ বাদী হয়ে মামলা করেছে। একইসঙ্গে হুমকি দেওয়ার অভিযোগে অভিযুক্তকে গ্রেফতারও করেছে পুলিশ। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## ভ্যাকসিন উৎপাদনে স্বাবলম্বী হতে সরকারের বিশেষ উদ্যোগ

দেশের ফার্মাসিউটিক্যাল শিল্পকে পরবর্তী ধাপে এগিয়ে নিতে এবং বায়োসিমিলার ও ভ্যাকসিন উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে দ্রুত একটি ‘জাতীয় কৌশল’ প্রণয়ন করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী ড. এম এ মুহিত। তিনি জানান, সরকার নলেজ-বেসড বা জ্ঞানভিত্তিক অর্থনীতি গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ এবং এ খাতের বিকাশ ও উচ্চমানের কর্মসংস্থান সৃষ্টিতে প্রয়োজনীয় সব ধরনের নীতিগত সহায়তা দেওয়া হবে। রোববার (১৬ আগস্ট) সকালে রাজধানীর হোটেল দ্য ওয়েস্টিনে ‘জেনেরিক থেকে বায়োসিমিলার ও ভ্যাকসিন: বায়ো-ইকোনমির পথে বাংলাদেশের বায়ো-ফার্মাসিউটিক্যাল খাতের উন্নয়ন’ শীর্ষক গোলটেবিল বৈঠকে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানটি আয়োজন করে বায়োটেড, যার পৃষ্ঠপোষকতায় ছিল সোমরু বায়োসায়েন্স ও সহযোগী হিসেবে ছিল জেনএক্স। এতে আইসিডিডিআরবির নির্বাহী পরিচালক ড. তাহমিদ আহমেদ, সোমরু বায়োসায়েন্সের মোহাম্মদ মইন, বায়োটেডের মোসাদ্দেক হোসেন, জেএক্স এর ডা. মুনিয়া আমিনসহ খাতের সংশ্লিষ্ট অংশীজনরা। স্বাস্থ্য প্রতিমন্ত্রী ড. মুহিত বলেন, আমাদের ফার্মাসিউটিক্যাল খাত একটি দীর্ঘ ঐতিহাসিক ধারাবাহিকতায় গড়ে উঠেছে। এখন সময় এসেছে এটিকে বায়ো-সিমিলার, ভ্যাকসিন ও বায়ো-টেকনোলজির মতো উচ্চপর্যায়ের ধাপে রূপান্তর করার। এটিকে কেবল স্বাস্থ্য সুরক্ষার দৃষ্টিতে দেখলে চলবে না, বরং জাতীয় অর্থনীতির একটি বড়ো চালিকাশক্তি বা বায়ো-ইকোনমির লেন্স দিয়ে দেখতে হবে। তিনি এই খাতের রূপরেখা তুলে ধরে গুরুত্বপূর্ণ কয়েকটি বিষয়ের ওপর জোর দেন। স্বাস্থ্য প্রতিমন্ত্রী বলেন, ৩ থেকে ৫ বছরের রোডম্যাপ: আগামী ৩-৫ বছরের মধ্যে সঠিক মান ও আন্তর্জাতিক স্কেল বজায় রেখে বায়ো-ফার্মাসিউটিক্যাল ও ভ্যাকসিন গবেষণার প্রাথমিক অবকাঠামো তৈরি করতে হবে। নতুন এই রূপান্তরে প্রায় ১০ হাজার প্রশিক্ষিত দক্ষ মানবসম্পদ প্রয়োজন হবে। সরকার শুধু সাধারণ কর্মসংস্থান নয়, বিজ্ঞান ও গবেষণাকেন্দ্রিক উচ্চপর্যায়ের কর্মসংস্থান সৃষ্টিকে অগ্রাধিকার দিচ্ছে। তিনি বলেন, ঔষধ প্রশাসন অধিদপ্তরের (ডিজিডিএ) নিয়ন্ত্রক সক্ষমতা বিশ্ব স্বাস্থ্য সংস্থার ‘ম্যাচিউরিটি লেভেল-৩’ এ উন্নীত করার কাজ দ্রুতগতিতে এগিয়ে চলছে। পাশাপাশি স্বাস্থ্য খাতের বাজেট থেকে গবেষণা প্রতিষ্ঠানগুলোর (যেমন বিএমআরসি) সক্ষমতা বৃদ্ধি, মলিকুলার বায়োলজি ল্যাব স্থাপন এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাধ্যমে তরুণ গবেষকদের জন্য উন্মুক্ত ও প্রতিযোগিতামূলক গবেষণা তহবিল বাড়ানোর বাস্তবমুখী পদক্ষেপ নেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## জ্বালানি সংকট মোকাবিলায় জরুরি রেসপন্স টিম গঠনের প্রস্তাব সিপিডির

দেশে চলমান জ্বালানি সংকট মোকাবিলায় সরকারকে জরুরি ভিত্তিতে একটি ‘ইমার্জেন্সি রেসপন্স টিম’ গঠনের পরামর্শ দিয়েছেন বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম। তিনি বলেন, জ্বালানি সংকট এখন এমন পর্যায়ে পৌঁছেছে যে ধীরে ধীরে স্বাভাবিক প্রক্রিয়ায় সমাধানের দিকে এগোনোর মতো সময় হাতে নেই। দ্রুত সিদ্ধান্ত নিয়ে জ্বালানি খাতের সমস্যাগুলোর সমাধান করতে হবে। রোববার (১৬ আগস্ট) সকালে রাজধানীর মহাখালীর ব্র্যাক সেন্টার ইন-এ ‘পোশাক খাতে শিল্প কার্বন নিঃসরণ হ্রাস: কীভাবে একে এগিয়ে নিয়ে যাওয়া যায়?’ শীর্ষক সিপিডির সংলাপে তিনি এসব কথা বলেন। খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, বর্তমানে দেশে ভয়াবহ জ্বালানি সংকট চলছে। প্রতিদিন শিল্প উৎপাদন, কৃষি উৎপাদন ও আবাসিক খাতে গ্যাসের সংকট দেখা দিচ্ছে। এর বড়ো কারণ দেশের অধিকাংশ জ্বালানি অবকাঠামো গ্যাসনির্ভর। এর পাশাপাশি ডিজেলের উপরও ব্যাপক নির্ভরতা রয়েছে। তিনি বলেন, স্বাধীনতার পর দেশে বিপুল পরিমাণ গ্যাস পাওয়া যাওয়ায় গ্যাসভিত্তিক জ্বালানি অবকাঠামো গড়ে ওঠে। আন্তর্জাতিক বাজারের তুলনায় কম দামে গ্যাস সরবরাহ করা হওয়ায় শিল্প-কারখানাগুলোও গ্যাসনির্ভর হয়ে পড়ে। পোশাক কারখানার বয়লার, সার উৎপাদনসহ বিভিন্ন খাতে গ্যাসের ব্যবহার বেড়েছে। কিন্তু এখন সেই পরিস্থিতি বদলে গেছে। গ্যাসের মজুত শেষের দিকে। নতুন গ্যাস অনুসন্ধানের কাজও প্রত্যাশিত গতিতে শুরু হয়নি। ফলে সবাই বিকল্প হিসেবে দ্রুত এলএনজির দিকে যাচ্ছে। কিন্তু এলএনজি বড়ো

কোনো দীর্ঘমেয়াদি সমাধান নয়, যোগ করেন তিনি। তিনি বলেন, এখনই বিকল্প জ্বালানিনির্ভর শিল্প ও অর্থনৈতিক কাঠামো গড়ে তোলার উদ্যোগ নিতে হবে। বিদ্যুতের চাহিদার একটি অংশ নবায়নযোগ্য জ্বালানি দিয়ে পূরণ করা, গ্যাসচালিত বয়লারের বিকল্প খোঁজা এবং পরিবহণে ডিজেলের ব্যবহার কমিয়ে বৈদ্যুতিক যানবাহন (ইভি) বাড়ানোর উদ্যোগ নিতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## অটো নিয়ন্ত্রণ ও চাঁদাবাজি কঠোরভাবে দমনের চেষ্টা চলছে

রাজধানীতে অটোরিকশা নিয়ন্ত্রণের চেষ্টা চলছে বলে জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার মাসুদ করিম। চাঁদাবাজি কঠোর হাতে দমনের চেষ্টা চলছে বলেও জানান তিনি। তিনি বলেন, নীতিমালা প্রণয়নের কাজ চলছে। এ সমস্যার স্থায়ী সমাধানের চেষ্টা করা হচ্ছে। এ ব্যাপারে সরকারের উচ্চ পর্যায়ে অত্যন্ত আন্তরিক। যানজট নিরসনেও চেষ্টা চলছে। রোববার (১৬ আগস্ট) ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) মতিঝিল কার্যালয়ে 'স্থানীয় ব্যবসা-বাণিজ্য, আইন-শৃঙ্খলা, যানজট পরিস্থিতির উন্নয়ন ও ট্রেড লাইসেন্স সেবা' শীর্ষক আলোচনা ও মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। ডিসিসিআই ও দক্ষিণ সিটি করপোরেশন যৌথভাবে এই সভার আয়োজন করে। সভায় লাইসেন্স নবায়ন সেবা সপ্তাহের উদ্বোধন ও নবায়নকৃত ট্রেড লাইসেন্স বিতরণ করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## নজরুল বর্ষে দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের সময় পরিবর্তন

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জীবন, সাহিত্য, দর্শন ও সৃষ্টিকর্ম নতুন প্রজন্মের কাছে তুলে ধরতে নজরুল বর্ষ উপলক্ষ্যে সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের সময় পরিবর্তন করা হয়েছে। আগামী ৩১ আগস্ট থেকে শুরু হয়ে এ প্রতিযোগিতা চলবে ৩১ অক্টোবর পর্যন্ত। আগে এ সময় ছিল ১ সেপ্টেম্বর থেকে ১২ অক্টোবর পর্যন্ত। প্রাথমিক, কারিগরি ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা এতে অংশ নিতে পারবে। গত ১১ আগস্ট সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় জারি করা সংশোধিত পূর্ণাঙ্গ নির্দেশিকায় এ তথ্য জানিয়েছে। ৩০ জুলাই জারি করা নির্দেশিকাটি বাতিল করে নতুন এই নির্দেশিকা দেওয়া হয়েছে। সরকার চলতি বছরের ২৫ মে থেকে ২৫ মে পর্যন্ত সময়কে 'নজরুল বর্ষ' হিসেবে পালনের সিদ্ধান্ত নিয়েছে। প্রতিযোগিতায় নজরুল সংগীত, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয় ও নজরুল সংগীত ভিত্তিক একক নৃত্য থাকবে। প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য আবৃত্তিতে 'ভোর হলো', 'খোকার সাধ', 'খুকি ও কাঠবিড়ালী', 'মোসাহেব' ও 'লিচু চোর' কবিতা নির্ধারণ করা হয়েছে। কারিগরি ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য রয়েছে 'সংকল্প', 'কান্ডারি হুঁশিয়ার', 'বিদ্রোহী', 'মানুষ' ও 'ওমর ফারুক'। নির্দেশনা অনুযায়ী, ৩১ আগস্ট সকাল ১০টায় সারাদেশে জেলা ও উপজেলা পর্যায়ে একযোগে প্রতিযোগিতার উদ্বোধন হবে। জেলা পর্যায়ে মন্ত্রী, প্রতিমন্ত্রী, সংসদ সদস্য বা জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে সংসদ সদস্য বা উপজেলা নির্বাহী কর্মকর্তা উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। স্থানীয় সংস্কৃতিজন, শিক্ষানুরাগী, বিশিষ্ট ব্যক্তি ও গণমাধ্যমকর্মীদেরও আমন্ত্রণ জানাতে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## চট্টগ্রাম বন্দরের বহির্নোঙরে আবারও দুই জাহাজের সংঘর্ষ

চট্টগ্রাম বন্দরের বহির্নোঙরে আবারও দুই জাহাজের মধ্যে সংঘর্ষ ঘটেছে। শনিবার (১৫ আগস্ট) রাত সাড়ে ১২টার দিকে 'এমভি আনাসা' এবং 'এমভি জাহাব জাহান'-এর সঙ্গে এ সংঘর্ষ হয়। দুর্ঘটনার পর বাল্ক ক্যারিয়ার দুটি নিরাপদ দূরত্বে সরে গেছে বলে জানিয়েছে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। লাইবেরিয়ার পতাকাবাহী এমভি আনাসা ৩৫ হাজার ৩৫০ টন স্ল্যাগ নিয়ে গত ১২ আগস্ট চট্টগ্রাম বন্দরে আসে। অন্যদিকে বাংলাদেশের পতাকাবাহী এমভি জাহাব জাহান পণ্য খালাস করে বন্দরের আলফা অ্যাংকরে অবস্থান করছিল। জাহাব জাহান দেশীয় প্রতিষ্ঠান কেএসআরএম গ্রুপের এসআর শিপিংয়ের মালিকানাধীন। আনাসার স্থানীয় এজেন্ট টগি শিপিং অ্যান্ড লজিস্টিকস লিমিটেড। বন্দর সূত্রে জানা গেছে, আলফা অ্যাংকরে নোঙর করা জাহাব জাহানকে ধাক্কা দেয় আনাসা। এসময় জাহাজটি স্থানীয় নেভিগেশন ও পাইলটেজ সহায়তা নিয়ে চলাচল করছিল। দুর্ঘটনার পর দুই জাহাজের অবস্থা পর্যবেক্ষণ এবং ক্ষয়ক্ষতির মাত্রা নিরূপণের কাজ শুরু করা হয়েছে বলে জানিয়েছে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। আনাসার সামনের অংশ দিয়ে জাহাব জাহানকে আঘাত করার কথা জানা গেছে। তবে সংঘর্ষের সুনির্দিষ্ট আঘাতের স্থান, কোন কোণে সংঘর্ষ হয়েছে এবং দুই জাহাজের ক্ষয়ক্ষতির পূর্ণাঙ্গ চিত্র সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তদন্ত ও ক্ষয়ক্ষতি নিরূপণ শেষে জানা যাবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## ঢাকায় পুলিশের অভিযানে গ্রেফতার ৫১১, অস্ত্র ও মাদক উদ্ধার

রাজধানীর বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় অভিযান চালিয়ে ২৪ ঘণ্টায় ৫১১ জনকে গ্রেফতার করেছে পুলিশ। অভিযানে বিভিন্ন আলামত ও অস্ত্র, মাদকদ্রব্য উদ্ধার করা হয়। এসব ঘটনায় ৪৭টি মামলা করা হয়েছে। রোববার (১৬ আগস্ট) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। তিনি বলেন, অভিযানে রমনা বিভাগ ৩৯ জন, লালবাগ বিভাগ ৩৩ জন, ওয়ারী বিভাগ ৫১ জন, মতিঝিল বিভাগ ৬২ জন, তেজগাঁও বিভাগ ৭২ জন, মিরপুর বিভাগ ১২৬ জন, গুলশান বিভাগ ৫০ জন, উত্তরা বিভাগ ৬৭ জন, গোয়েন্দা বিভাগ ১১ জনকে গ্রেফতার করে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## জেড আই খান পান্নার বিরুদ্ধে ১১ বার হত্যাচেষ্টার অভিযোগ আপন ভাইয়ের

সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী জেড আই খান পান্নার বিরুদ্ধে পৈতৃক সূত্রে পাওয়া জমি ভোগদখলে নিতে ১১ বার হত্যাচেষ্টার অভিযোগ করেছেন আপন ছোটো ভাই মো. নজরুল ইসলাম খান। জমিজমা নিয়ে বেশকিছু দিন ধরে ভাই-বোনদের মধ্যে চলা বিরোধের জের ও হত্যার হুমকিতে জীবনের নিরাপত্তা চেয়েছেন তিনি। রোববার (১৬ আগস্ট) রাজধানীর ক্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশনে (ক্রাব) আয়োজিত 'পৈতৃক সূত্রে পাওয়া জমি আত্মসাৎ, মামলা ও প্রাণনাশের হুমকিতে সরকারের কাছে জীবনের নিরাপত্তা' চেয়ে সংবাদ সম্মেলনে এসব অভিযোগ তোলেন ভুক্তভোগী মো. নজরুল ইসলাম খান। নজরুল ইসলাম খান বলেন, "আমার বাবা নুরুল ইসলাম খান। তার মৃত্যুতে আমরা তিন ভাই ও এক বোন সম্পত্তির ওয়ারিশ। আমার সম্পত্তির পরিমাণ ৩.২২ শতাংশ যার ২.৩২ শতাংশ আমি আমার বন্ধু সাইফুল্লাহ খান লাবুর কাছে বিক্রি করে দু-জন একসঙ্গে ব্যবসা শুরু করি। ০.৮৬ শতাংশ নাহিদুল ইসলাম রাজু ও রেজাউল ইসলাম সাব্বিরের কাছে বিক্রি করি।" তিনি বলেন, "আমি অবিবাহিত এবং নিঃসন্তান। আমার সম্পূর্ণ দেখাশোনা এবং ভরণপোষণ, চিকিৎসাসহ যাবতীয় দায়িত্ব পালন করেন আমার বন্ধু সাইফুল্লাহ খান লাবু এবং নাহিদুল ইসলাম রাজু। জমিজমা নিয়া অনেকদিন থেকে আমার ভাই-বোনদের মধ্যে বিরোধ চলছে। আমার সম্পত্তি আমার বড়ো ভাই জহিরুল ইসলাম পান্না (জেড আই খান পান্না), তার মেয়ে নাদিমা মোহম্মদী খান, আমার ছোটো বোন খাদিজা সামসুন্নাহার এবং তার স্বামী মনসুরুল আলম মন্টু, আমার মেজো ভাই কামরুল ইসলাম খান বাবু এবং তার মেয়ে শাফিনাজ জেরিন খান মিলে আমার থেকে জোর জবরদস্তি লিখে নেওয়ার পাঁয়তারা করে। আমাকে শারীরিকভাবে নির্যাতন করে এবং গুম, প্রাণনাশের হুমকি ও মিথ্যা মামলায় ফাঁসানোর হুমকি দেয়।"
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## আমির হামজার গাড়িবহরে হামলায় জড়িতদের গ্রেফতার দাবি জামায়াতের

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল ও সাবেক সংসদ সদস্য মিয়া গোলাম পরওয়ার বলেছেন, ১৫ আগস্ট সন্ধ্যার দিকে কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য মুফতি আমির হামজার গাড়িবহরে তাকে হত্যার উদ্দেশ্যে গণঅধিকার পরিষদের সন্ত্রাসীরা অতর্কিত ও বর্বরোচিত হামলা চালিয়েছে। তিনি এ হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান। রোববার (১৬ আগস্ট) এক বিবৃতিতে তিনি এ প্রতিবাদ জানান। বিবৃতিতে তিনি বলেন, "গতকাল শনিবার (১৫ আগস্ট) বিকেলে কুষ্টিয়া শহরের ছয় রাস্তা মোড়ে কুষ্টিয়া-৩ আসনের এমপি মুফতি আমির হামজা জনসংযোগ শেষে বাসায় ফেরার পথে পুলিশ এসকর্টে থাকা অবস্থাতেই সন্ত্রাসী হামলার শিকার হন। মুফতি আমির হামজা এমপিকে হত্যার উদ্দেশ্যে গণঅধিকার পরিষদের সন্ত্রাসীরা হকিস্টিক ও ইট-পাটকেল দিয়ে তার গাড়িবহরে পৈশাচিক হামলা চালায়। সন্ত্রাসীদের এ বর্বরোচিত হামলায় তিনি নিজে, তার পরিবারের সদস্য ও সফরসঙ্গীসহ সাতজন মারাত্মকভাবে আহত হয়েছেন। একজন নির্বাচিত জনপ্রতিনিধির ওপর পুলিশের উপস্থিতিতে হত্যার উদ্দেশ্যে এ ধরনের নগ্ন ও পরিকল্পিত হামলা অত্যন্ত উদ্বেগজনক এবং দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির চরম অবনতির বহিঃপ্রকাশ।" মিয়া গোলাম পরওয়ার আরও বলেন, "এমপি আমির হামজা আগেই আইন-শৃঙ্খলা বাহিনীকে উসকানিমূলক বক্তব্য ও সম্ভাব্য বিশৃঙ্খলার বিষয়ে অবহিত করেছিলেন। তা সত্ত্বেও ঘটনাস্থলে পুলিশের নিষ্ক্রিয় ও নীরব ভূমিকা অত্যন্ত দুঃখজনক। পুলিশ প্রশাসন যদি সময়মতো কঠোর ও সতর্ক ভূমিকা পালন করতো, তবে সন্ত্রাসীরা এমন দুঃসাহস দেখাতে পারত না।"(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## সাবেক প্রধান উপদেষ্টা ড. ইউনূসের দেশত্যাগে নিষেধাজ্ঞা চেয়ে নোটিশ

হামের টিকা নিয়ে ব্যবসা করার অভিযোগ তুলে সাবেক অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের দেশত্যাগে নিষেধাজ্ঞা চেয়ে আইনি নোটিশ পাঠানো হয়েছে। সোমবার (১৬ আগস্ট) সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার এম আশরাফুল ইসলাম সরকারের সংশ্লিষ্টদের প্রতি এই নোটিশ পাঠান। হামের টিকাকে রাষ্ট্রীয় ব্যবস্থার বাইরে বেসরকারি খাতে হস্তান্তরের সঙ্গে ড. ইউনূসের সংশ্লিষ্টতার অভিযোগ এনে এই নোটিশ দেওয়া হয়েছে। নোটিশে তার দেশত্যাগে নিষেধাজ্ঞা আরোপের দাবি জানানো হয়। বিষয়টি নিশ্চিত করে আশরাফুল ইসলাম জাগো নিউজকে বলেন, "হামের টিকাকে রাষ্ট্রীয় ব্যবস্থা থেকে প্রাইভেট খাতে দেওয়ার অশুভ অপরাধমূলক কর্মকাণ্ডের সঙ্গে জড়িত থাকার কারণে ড. ইউনূসের দেশত্যাগের নিষেধাজ্ঞা চেয়ে লিগ্যাল নোটিশ পাঠিয়েছি।"
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## আমাদের হাতে তো কোনো জাদু নেই : গ্যাস সংকট নিয়ে অর্থমন্ত্রী

চলমান গ্যাস সংকটের সমাধান প্রসঙ্গে 'আমাদের হাতে তো কোনো জাদু নেই'- এমন মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেছেন, গ্যাস অনুসন্ধান প্রক্রিয়া শুরু করেছি। দরপত্র আহ্বান করা হয়েছে। এর জন্যও সর্বনিম্ন দেড় থেকে দুই বছর সময় লাগবে। আমাদের হাতে তো কোনো জাদু নেই যে, আমরা হঠাৎ করে দ্রুত গ্যাস ফিরিয়ে আনবো। রোববার (১৬ আগস্ট) রাজধানীর হোটেল ইন্টার-কন্টিনেন্টালে আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশ (অ্যামচেম) আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। গ্যাসের অভাবে শিল্পকারখানা বন্ধ। শিল্পমালিকেরা ব্যাংক ঋণ শোধ করতে পারছেন না। কবে নাগাদ গ্যাস সরবরাহ স্বাভাবিক হবে,

মন্ত্রীর কাছে এমন প্রশ্ন রাখলে তিনি বলেন, এটা দ্রুত ঘটতে যাচ্ছে না। এটি খুব শিগ্‌গির হয়ে যাবে বলা নিরর্থক কারণ, এটি চাইলেই করে ফেলা সম্ভব নয়। অর্থমন্ত্রী বলেন, দুর্ভাগ্যবশত আমাদের এই পরিস্থিতি সহ্য করতে হবে। আমি জানি, এটি ব্যবসায়ী বা ব্যবসাগুলোর জন্য অনেক বড়ো ক্ষতির কারণ হচ্ছে। এটি দেশের অর্থনীতির জন্যও মারাত্মক ক্ষতি বয়ে আনছে। এখন আমরা ফুলবাড়ী এবং অন্যান্য স্থানে ওপেন-পিট কয়লা উত্তোলনের দিকে যাচ্ছি। কারণ, আমাদের কাছে আর কোনো বিকল্প নেই। তিনি আরও বলেন, আমি যেমনটা বলেছি, আমাদের পাওয়ার মিক্স ও জ্বালানি নীতির বিষয়ে দুই-তিন সপ্তাহের মধ্যে একটি পূর্ণাঙ্গ নীতিমালা দেওয়া হবে। পরবর্তী দুই-তিন সপ্তাহের মধ্যে সম্পূর্ণ নতুন জ্বালানি নীতি ঘোষণা করা হবে, যেন মানুষ বিষয়টি স্পষ্টভাবে জানতে পারে। এ প্রসঙ্গে আমির খসরু বলেন, খণ্ড খণ্ড বা আংশিক কথা বলে কোনো লাভ নেই। তাই আমরা একটি পূর্ণাঙ্গ নীতিমালা নিয়ে আসছি, যেন মানুষ বুঝতে পারে এতে কত সময় লাগবে এবং তারা ভবিষ্যৎ নিয়ে সেই অনুযায়ী পরিকল্পনা করতে পারে। কারণ, এটি আগামীকাল বা খুব শিগ্‌গির হতে যাচ্ছে না। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## নৌকার ইঞ্জিন নষ্ট-খাবারও শেষ, ভূ-মধ্যসাগরে প্রাণ গেল ১১ বাংলাদেশির

লিবিয়া থেকে সাগর পথে অবৈধভাবে গ্রিসে যাওয়ার সময় ভূ-মধ্যসাগরে অন্তত ১১ বাংলাদেশি অভিবাসনপ্রত্যাশীর মৃত্যু হয়েছে। জীবিত উদ্ধার হওয়া ব্যক্তিদের ভাষ্য অনুযায়ী, খাবার ও পানির সংকটে তাদের চোখের সামনেই কয়েকজনের মৃত্যু হয়। মরদেহগুলোতে পচন ধরে দুর্গন্ধ ছড়িয়ে পড়ায় সেগুলো সাগরে ফেলে দিতে বাধ্য হন তারা। সোমবার (৩ আগস্ট) রাতে ৪২ জন অভিবাসনপ্রত্যাশীকে নিয়ে একটি ইঞ্জিনচালিত নৌকা গ্রিসের উদ্দেশ্যে লিবিয়ার তাবারুক উপকূল থেকে যাত্রা শুরু করে। নৌকাটিতে থাকা ৪২ জনের মধ্যে ৩৮ জনই বাংলাদেশি বলে জানা গেছে। যাত্রা শুরুর কিছুক্ষণ পরই ঝড়ের কবলে পড়ে নৌকায় থাকা খাবার ও পানির মজুত সাগরে ভেসে যায়। এরপর খাবার ও পানি ছাড়াই নৌকাটি নিয়ে বিপজ্জনক যাত্রা অব্যাহত রাখেন অভিবাসনপ্রত্যাশীরা। গ্রিসের কাছাকাছি পৌঁছানোর পর হঠাৎ নৌকার ইঞ্জিন বিকল হয়ে যায়। এতে নৌকাটি সাগরে ভাসতে থাকে। এভাবে টানা নয়দিন ভূ-মধ্যসাগরে ভেসে থাকার পর বাতাসের স্রোতে নৌকাটি মিশরের মারসা মাতরুহ উপকূলের কাছে পৌঁছে যায়। পরে মিশরের নিরাপত্তা বাহিনী তাদের উদ্ধার করে। উদ্ধার হওয়া বাংলাদেশিদের মধ্যে ১৮ জনকে মারসা মাতরুহ জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## নিয়োগের ১৭ দিনের মাথায় সহকারী অ্যাটর্নি জেনারেল নুরুলের পদত্যাগ

সহকারী অ্যাটর্নি জেনারেল নুরুল করীম পদত্যাগ করেছেন। রোববার (১৬ আগস্ট) তিনি ব্যক্তিগত কারণ দেখিয়ে পদত্যাগপত্র জমা দেন। পদত্যাগপত্রে বলা হয়েছে, ২০২৬ সালের ৩০ জুলাই তিনি সহকারী অ্যাটর্নি জেনারেল হিসেবে নিয়োগ পান। সেসময় থেকে তিনি তার ওপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করেছেন। তবে ব্যক্তিগত কারণে এখন আর দায়িত্ব পালন সম্ভব নয় বলে পদত্যাগপত্রে উল্লেখ করেছেন নুরুল করীম। এর আগে, গত ৩০ জুলাই রাষ্ট্রপক্ষের মামলা পরিচালনার জন্য ৮৬ ডেপুটি অ্যাটর্নি জেনারেল (ডিএজি) এবং ১৭৯ সহকারী অ্যাটর্নি জেনারেল (এএজি) নিয়োগ দিয়েছেন সরকার। একইসঙ্গে অ্যাটর্নি জেনারেল কার্যালয়ের আগের সব নিয়োগ বাতিল করা হয়েছে। রাষ্ট্রপতির আদেশক্রমে আইন মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সলিসিটর অনুবিভাগ এ বিষয়ে পৃথক প্রজ্ঞাপন জারি করে। প্রজ্ঞাপনে সই করেন সলিসিটর সানা মো. মাহরুফ হোসাইন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## একবারে ৫ বছরের ট্রেড লাইসেন্স নবায়নের সুযোগ দেওয়ার ঘোষণা

ব্যবসায়ীদের সুবিধার জন্য একবারে ৫ বছরের ট্রেড লাইসেন্স নবায়নের সুযোগ দেওয়ার ঘোষণা দিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) প্রশাসক মো. আব্দুস সালাম। একইসঙ্গে ঘরে বসে হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্সসহ বিভিন্ন ফি পরিশোধের সুযোগ তৈরির উদ্যোগ নেওয়া হচ্ছে বলেও জানান তিনি। রোববার (১৬ আগস্ট) রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) কার্যালয়ে 'স্থানীয় ব্যবসা-বাণিজ্য, আইন-শৃঙ্খলা, যানজট পরিস্থিতির উন্নয়ন ও ট্রেড লাইসেন্স সেবা' শীর্ষক আলোচনা ও মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। ডিসিসিআই ও ডিএসসিসি যৌথভাবে এ সভার আয়োজন করে। এতে স্বাগত বক্তব্য দেন ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ। আরও বক্তব্য দেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার মো. মাসুদ করিম ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খয়বর রহমানসহ অনেকে। ডিএসসিসি প্রশাসক আব্দুস সালাম বলেন, ট্রেড লাইসেন্স সেবা দ্রুত ও সহজ করতে ওয়ান স্টপ সার্ভিস চালুর জন্য এরই মধ্যে নির্দেশ দেওয়া হয়েছে। তবে ট্রেড লাইসেন্স জাল হওয়ার ঘটনায় কিছুটা জটিলতা তৈরি হয়েছিল।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## প্রধান আসামি নিজেই আদালতে গেলেন একই মামলার অন্য আসামিকে ছিনিয়ে নিতে

ঢাকার আদালতে নেওয়া হয়েছিল প্রতারণা মামলার এক আসামিকে। পরে কারাগারে নেওয়ার প্রস্তুতিকালে আদালত প্রাঙ্গণে পুলিশ হেফাজতে থাকা ওই আসামিকে ছিনিয়ে নেওয়ার চেষ্টা করেন কয়েকজন। তারা পুলিশের ওপর হামলা চালান। এতে পুলিশের দুই সদস্য আহত হন। এ ঘটনায় পুলিশ বাদী হয়ে করা মামলায় দু-জনকে গ্রেফতার করা

হয়েছে। তারা হলেন- সোহাগ খান (৩৬) ও নাজমুল হাসান (১৯)। পুলিশ জানিয়েছে, তাদের মধ্যে সোহাগ খান ওই প্রতারণা মামলাটির এজাহারভুক্ত এক নম্বর আসামি। রোববার (১৬ আগস্ট) বিকেলে ঢাকা জেলা পুলিশের কোর্ট পরিদর্শক কামাল উদ্দীন দু-জনকে গ্রেফতারের বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন। এর আগে, গতকাল শনিবার বিকেল সোয়া ৫টার দিকে ঢাকার চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত প্রাঙ্গণ থেকে পুলিশ হেফাজতে থাকা এক আসামিকে ছিনিয়ে নেওয়ার চেষ্টার সময় পুলিশের সঙ্গে ধস্তাধস্তি ও হামলার ঘটনা ঘটে। এতে পুলিশের দুই সদস্য আহত হন। এসময় ঘটনাস্থল থেকে দু-জনকে আটক করে পুলিশ। এ ঘটনায় সরকারি কাজে বাধা, পুলিশ সদস্যদের ওপর হামলা ও হেফাজত থেকে আসামি ছিনিয়ে নেওয়ার চেষ্টার অভিযোগে কোতোয়ালী থানায় মামলা করা হয়। এ মামলায় তাদের গ্রেফতার দেখানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## লটারির মাধ্যমে গণপূর্ত অধিদপ্তরের আরও ৪০৯ প্রকৌশলীকে বদলি

লটারির মাধ্যমে গণপূর্ত অধিদপ্তরের আরও ৪০৯ জন প্রকৌশলীকে বদলি করা হয়েছে। রোববার (১৬ আগস্ট) সেগুনবাগিচায় পূর্ত ভবনের সম্মেলন কক্ষে ১৫২ জন সহকারী প্রকৌশলী (সিভিল) ও ৬৭ জন সহকারী প্রকৌশলীকে (ই/এম) বদলি করা হয়। একই দিনে ১৩৫ জন উপবিভাগীয় প্রকৌশলী (সিভিল) ও ৫৫ জন উপবিভাগীয় প্রকৌশলীকে (ই/এম) বদলি করা হয়েছে। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। বদলি ও পদায়নের ক্ষেত্রে স্বচ্ছতা, নিরপেক্ষতা ও শৃঙ্খলা নিশ্চিতে লটারির মাধ্যমে বদলি করা হচ্ছে বলে এতে জানানো হয়েছে। লটারির ভিত্তিতে ঢাকা বিভাগের বিভিন্ন কার্যালয়ে ১০০ জন, রাজশাহী বিভাগে ২০ জন, চট্টগ্রাম বিভাগে ৩৪ জন, খুলনা বিভাগে ২০ জন, বরিশাল বিভাগে ১২ জন, সিলেট বিভাগে ৭ জন, ময়মনসিংহ বিভাগে ৯ জন এবং রংপুর বিভাগে ১৭ জন সহকারী প্রকৌশলীকে (সিভিল ও ই/এম) বদলি-পদায়ন করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## নিবন্ধন ছাড়া কোনো রিকশা চলতে দেওয়া হবে না : ডিএসসিসি প্রশাসক

হকার ও ব্যাটারিচালিত অটোরিকশার বিরুদ্ধে সাধারণ মানুষকে রুখে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) প্রশাসক মো. আব্দুস সালাম। একইসঙ্গে ঢাকা শহরে হকার ও রিকশার সংখ্যা নিয়ন্ত্রণে নির্দিষ্ট সংখ্যা নির্ধারণ করে লাইসেন্স দেওয়ার উদ্যোগ নেওয়া হচ্ছে বলে বলেও জানান তিনি। ডিএসসিসি প্রশাসক বলেন, ঢাকা শহরকে সবচেয়ে জঞ্জাল করেছে হকাররা। হকার ও অটো বন্ধ করতে গেলে তারা আন্দোলন করে। এই শহর সাধারণ মানুষের। শহরকে ভালো রাখতে সাধারণ মানুষকে আরও সোচ্চার হতে হবে। তিনি বলেন, নিবন্ধন ছাড়া কোনো রিকশা চলতে দেওয়া হবে না। একইভাবে হকারদেরও লাইসেন্স ও নম্বর দেওয়া হবে। তাদের পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণ করে কিউআর কোডের মাধ্যমে পরিচয় যাচাইয়ের ব্যবস্থা করা হবে। রোববার (১৬ আগস্ট) রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) কার্যালয়ে 'স্থানীয় ব্যবসা-বাণিজ্য, আইন-শৃঙ্খলা, যানজট পরিস্থিতির উন্নয়ন ও ট্রেড লাইসেন্স সেবা' শীর্ষক আলোচনা ও মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। ডিসিসিআই ও ডিএসসিসি যৌথভাবে এ সভার আয়োজন করে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## কাপ্তাই লেকের সীমানা জরিপ করে অবৈধ দখলদারদের তালিকা দাখিলের নির্দেশ

রাঙামাটির কাপ্তাই লেকের সীমানা জরিপ করে চার মাসের মধ্যে অবৈধ দখলদারদের তালিকা দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। এক সম্পূরক আবেদনের শুনানি শেষে রোববার (১৬ আগস্ট) হাইকোর্টের বিচারপতি জে বি এম হাসান ও বিচারপতি আজিজ আজিজ আহমদ ভূঁইয়ার সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। আদালতে আবেদনের পক্ষে শুনানিতে ছিলেন জ্যেষ্ঠ আইনজীবী মনজিল মোরসেদ। তিনি জাগো নিউজকে জানান, চার মাসের মধ্যে কাপ্তাই লেকের প্রকৃত ম্যাপ অনুসারে সীমানা জরিপ করে এর ভেতরে থাকা অবৈধ স্থাপনার মালিকদের নাম-ঠিকানাসহ আদালতে প্রতিবেদন দাখিলের নির্দেশ দিয়েছেন আদালত। একইসঙ্গে আদালত আগামী ২০২৭ সালের ৬ জানুয়ারি প্রতিবেদন দাখিলের জন্য দিন ঠিক করেন। আদালত আদেশে রাঙামাটি জেলার জেলা প্রশাসক ও জরিপ অধিদপ্তরের মহাপরিচালককে এ প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ রিহাব)

## মাদারীপুর বসে ঢাকায় ডাকাতি-ছিনতাই নিয়ন্ত্রণ করতেন ৪৫ মামলার আসামি তৈয়ব

রাজধানীর কামরাঙ্গীরচর থানার বেড়িবাঁধ এলাকায় ডাকাতির প্রস্তুতিকালে প্রধান আসামি তৈয়বকে গ্রেফতার করেছে পুলিশ। অন্যরা পালিয়ে গেলেও গ্রেফতার তৈয়বের দেওয়া তথ্যে আরও ছয় আসামিকে গ্রেফতার করা হয়েছে। পুলিশ বলছে, ওই ঘটনার প্রধান আসামি মো. তৈয়ব আলী সর্দার ৪৫ মামলার আসামি। জামিনে বের হয়ে তিনি দীর্ঘদিন ধরে মাদারীপুরে অবস্থান করে ঢাকার সব ঘটনা ঘটাচ্ছিলেন। কিছু ঘটনায় তিনি প্রাকটিক্যালিও (সশরীরে) থাকতেন। একইসঙ্গে রাজধানীতে বেশকিছু ঘটনায় তৈয়বের সংশ্লিষ্টতা পাওয়া গেছে। রোববার (১৬ আগস্ট) রাজধানীর মিন্টো রোডে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অতিরিক্ত পুলিশ কমিশনার (এস্টেট, ডেভেলপমেন্ট ও আইসিটি) মোহাম্মদ ওসমান গণি এসব তথ্য জানান। তিনি বলেন, রাজধানীর কামরাঙ্গীরচর থানার বেড়িবাঁধ এলাকায় অভিযান চালিয়ে সংঘবদ্ধ ডাকাত দলের সাত সদস্যকে গ্রেফতার করেছে ডিবি লালবাগ বিভাগ। এ

সময় বিদেশি পিস্তলসহ ডাকাতি কাজে ব্যবহৃত গাড়ি ও বিভিন্ন সরঞ্জাম উদ্ধার করা হয়। মোহাম্মদ ওসমান গণি বলেন, ঢাকা শহরে বেশকিছু দিন ধরে ডিবি, র‍্যাব-পুলিশ পরিচয় দিয়ে সন্ত্রাসীরা অপরাধ করছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৮.২০২৬ রুবাইয়া)

## কাঠমান্ডুতে বিমানের উড়োজাহাজে কারিগরি ত্রুটি, আটকা ১২৭ যাত্রী

নেপালের কাঠমান্ডু থেকে ঢাকাগামী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইট উড্ডয়নের আগে কারিগরি ত্রুটি দেখা দিয়েছে। এ কারণে ফ্লাইটটি বাতিল করে কাঠমান্ডু বিমানবন্দরে ফিরে এসেছে। পরে উড়োজাহাজটি থেকে যাত্রীদের নামিয়ে টার্মিনালে অপেক্ষায় রাখা হয়েছে। এতে ভোগান্তিতে পড়েন ফ্লাইটটির শতাধিক যাত্রী। রোববার (১৬ আগস্ট) বিকেল ৪টায় কাঠমান্ডু থেকে ঢাকার উদ্দেশ্যে ফ্লাইটটি ছেড়ে আসার কথা ছিল। যাত্রীদের নিয়ে নির্ধারিত সময়ে উড়োজাহাজটি টার্মিনাল এলাকা ছাড়লেও রানওয়ের দিকে যাওয়ার কিছুক্ষণ পরই কারিগরি ত্রুটি দেখা দেয়। এ কারণে ফ্লাইটটি পুনরায় টার্মিনালে ফিরিয়ে আনা হয়। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বোর্ডিং পাস অনুযায়ী, ফ্লাইটটির নম্বর বিজি৩৭২ এবং গন্তব্য ঢাকা। বোর্ডিং পাসের সময় ছিল বিকেল ৩টা। ফ্লাইটটির যাত্রী এস এম নুরুজ্জামান জাগো নিউজকে বলেন, "আজ বিকেল ৪টায় আমাদের ঢাকার ফ্লাইট ছিল। বিমান নির্ধারিত সময়ে যাত্রীদের নিয়ে টার্মিনাল ছেড়ে যায়। রানওয়েতে যাওয়ার কিছুক্ষণ আগেই হঠাৎ জানানো হয়, উড়োজাহাজে কারিগরি ত্রুটি দেখা দিয়েছে। পরে আবার টার্মিনালে ফিরে আসে বিমান।" (জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৮.২০২৬ রুবাইয়া)

## তদবির এড়াতে লটারি, ঢাকা জেলার ৩৯ ইউনিয়ন পরিষদে কর্মচারীদের নতুন পদায়ন

বদলি ও পদায়নে তদবির, ব্যক্তিগত প্রভাব ও স্বজনপ্রীতির বাইরে রাখতে লটারির মাধ্যমে ঢাকা জেলার পাঁচ উপজেলার ৩৯ ইউনিয়ন পরিষদের কর্মচারীদের নতুন কর্মস্থল নির্ধারণ করেছে জেলা প্রশাসন। এ প্রক্রিয়ায় অংশ নেওয়া কর্মচারীদের আগামী ১৭ আগস্টের মধ্যে বদলি হওয়া কর্মস্থলে যোগ দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। রোববার (১৬ আগস্ট) দুপুরে ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে এ লটারি অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, ঢাকা জেলার ৬২ ইউনিয়ন পরিষদে সংশ্লিষ্ট পদ রয়েছে ৬২টি। বর্তমানে এসব পদে ৫৯ জন কর্মরত রয়েছেন, তিনটি পদ শূন্য আছে। বদলি কার্যক্রমের আওতায় ৩৯টি ইউনিয়ন পরিষদে কর্মরত কর্মচারীদের নতুন কর্মস্থলে পদায়নের জন্য লটারির আয়োজন করা হয়। এতে কেরানীগঞ্জ, নবাবগঞ্জ ও দোহার উপজেলার ইউনিয়ন পরিষদে পদায়নের জন্য অংশ নেন ২৬ জন কর্মচারী। এছাড়া সাভার ও ধামরাই উপজেলার জন্য লটারিতে অংশ নেন ১৩ জন। জেলা প্রশাসক ফরিদা খানম বলেন, বদলি ও পদায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা, নিরপেক্ষতা ও জবাবদিহি নিশ্চিত করাই জেলা প্রশাসনের প্রধান লক্ষ্য। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৮.২০২৬ রুবাইয়া)

## পুরান ঢাকায় হেলমেটের গোডাউনে আগুন

রাজধানীর পুরান ঢাকার বংশাল এলাকায় হেলমেটের এক গোডাউনে আগুনের ঘটনা ঘটেছে। ফায়ার সার্ভিসের ৬টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করছে বলে জানা গেছে। রোববার (১৬ আগস্ট) রাত ৮টার পর ফায়ার সার্ভিসের কন্ট্রোল রুম কর্মকর্তা আনোয়ারুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন। আনোয়ারুল ইসলাম বলেন, রাজধানীর বংশাল চৌরাস্তা এলাকার মুকিম বাজারে ৬তলা ভবনের ২য় তলায় হেলমেটের গোডাউনে আগুন লেগেছে। সন্ধ্যা ৬টা ৪ মিনিটে খবর পেয়ে ৬টা ৮ মিনিটে ফায়ার সার্ভিসের প্রথম ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। পরে একে একে সিদ্দিকবাজার ফায়ার স্টেশনের মোট ৬টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করছে। তবে আগুনের সূত্রপাত ও ক্ষয়ক্ষতি সম্পর্কে তাৎক্ষণিক কিছু জানাতে পারেননি তিনি। এ ঘটনায় এখনো হতাহতের কোনো খবর পাওয়া যায়নি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৮.২০২৬ রুবাইয়া)

## রূপপুরে তাড়াহুড়ো নয়, নিরাপত্তা নিশ্চিত করেই চালু : বিজ্ঞানমন্ত্রী

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা ও কারিগরি কার্যক্রম সম্পন্ন করে এবং আন্তর্জাতিক মান নিশ্চিত করেই চালু করা হবে বলে জানিয়েছেন বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ফকির মাহবুব আনাম। তিনি বলেন, এ বিষয়ে কোনো ধরনের তাড়াহুড়ো করে সিদ্ধান্ত নেওয়া হবে না। রোববার (১৬ আগস্ট) রাজধানীর আগারগাঁওয়ে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের ড. আনোয়ার হোসেন অডিটোরিয়ামে বাংলাদেশ পরমাণু শক্তি বিজ্ঞানী সংঘের (বায়েসা) আয়োজিত 'বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের কার্যক্রমের প্রাতিষ্ঠানিক ও প্রায়োগিক সক্ষমতা সমৃদ্ধিকরণে করণীয় নির্ধারণ' শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। রূপপুর প্রকল্পের অগ্রগতি সম্পর্কে মন্ত্রী বলেন, "রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে ফুয়েল লোডিং হয়ে গেছে। সেখানে প্রকৌশলীরা কঠোর পরিশ্রম করে যাচ্ছেন। ছোটোখাটো বিষয়গুলো এখন নিবিড়ভাবে পরীক্ষা করা হচ্ছে।" তিনি বলেন, পরমাণু বিজ্ঞান ও প্রযুক্তিকে আধুনিক বাংলাদেশের উন্নয়নের অন্যতম গুরুত্বপূর্ণ ভিত্তি হিসেবে গড়ে তুলতে সরকার প্রয়োজনীয় উদ্যোগ নেবে। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনে বিপুলসংখ্যক দক্ষ বিজ্ঞানী ও পিএইচডিধারী গবেষক রয়েছেন। তাদের মেধা ও গবেষণালব্ধ জ্ঞানকে কাজে লাগিয়ে দেশের উন্নয়নে আরও কার্যকর ভূমিকা রাখতে হবে। পরমাণু প্রযুক্তির সম্ভাবনা তুলে ধরে মন্ত্রী বলেন, এই প্রযুক্তি শুধু বিদ্যুৎ উৎপাদনে সীমাবদ্ধ নয়। খাদ্য নিরাপত্তা, কৃষি, স্বাস্থ্যসেবা, ক্যানসার চিকিৎসা, শিল্প এবং মানবসম্পদ উন্নয়নেও এর ব্যাপক সম্ভাবনা রয়েছে। তরুণ বিজ্ঞানী ও গবেষকদের উদ্ভাবনী চিন্তা এবং

গবেষণাকে উৎসাহিত করে স্ট্যার্ট-আপ ও নতুন প্রযুক্তি উদ্ভাবনে সহযোগিতা করা হবে। তিনি আরও বলেন, তরুণ বিজ্ঞানী ও গবেষকদের সহযোগিতায় 'ফান্ড ফর ফান্ডস' ব্যবহারের বিষয়টি সরকার বিবেচনা করছে। গ্যাস ও বিদ্যুৎ সংকট প্রসঙ্গে ফকির মাহবুব আনাম বলেন, "সরকার চেষ্টা করছে কীভাবে গ্যাস ও বিদ্যুতের ঘাটতি মেটানোর সমাধান করা যায়। আমরা সংকটের বিষয়টি ফিল করছি এবং জ্বালানির টেকসই সমাধানের জন্য আন্তরিকভাবে চেষ্টা করে যাচ্ছি।" ছোটো মডুলার রিঅ্যাক্টর (এসএমআর) প্রসঙ্গে তিনি বলেন, প্রযুক্তিটির সম্ভাবনা বাংলাদেশ গুরুত্বের সঙ্গে বিবেচনা করছে। তবে এর নিরাপত্তা, প্রযুক্তিগত সক্ষমতা এবং অর্থনৈতিক সম্ভাবনা যথাযথভাবে যাচাই করেই ভবিষ্যতে সিদ্ধান্ত নেওয়া হবে।(জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৮.২০২৬ রুবাইয়া)

## স্বাধীনতা-সার্বভৌমত্ব ও গণতন্ত্রের প্রশ্নে খালেদা জিয়া আপস করেননি

দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও গণতন্ত্রের প্রশ্নে বেগম খালেদা জিয়া কখনও আপস করেননি বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এবং বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য মো. রুহুল কবির রিজভী। সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার ৮২তম জন্মদিন উপলক্ষ্যে রোববার (১৬ আগস্ট) বিকেলে জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম (সুপ্রিম কোর্ট) আয়োজিত দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। বিএনপির জাতীয় স্থায়ী কমিটির এই সদস্য বলেন, বেগম খালেদা জিয়ার কথা ও কাজের মধ্যে যে অসাধারণ-অভুতপূর্ব মিল ছিল, সেটা প্রমাণ করেছেন তার রাজনীতিতে। এই কারণেই জনগণ তাকে ভুলেনি। সরকার কিংবা রাজপথ, কোনোটাতেই তিনি দেশপ্রেম এবং স্বাধীনতা-সার্বভৌমত্বের প্রতি অঙ্গীকার থেকে বিচ্যুত হননি। রুহুল কবির আরও বলেন, স্বাধীনতা-সার্বভৌমত্ব এবং জনগণের সুবিধার জন্য তিনি তার কণ্ঠকে কখনই দুর্বল করেননি। কোন দেশ শক্তিশালী কিংবা কার কাছে কত ক্ষমতা, সেটিকে তিনি পাত্তা দেননি। দেশে নারীর ক্ষমতায়নে বেগম খালেদা জিয়ার বহুমাত্রিক অবদানের কথা তুলে ধরে বিএনপির এই জ্যেষ্ঠ নেতা আরও বলেন, নারীর ক্ষমতায়নে তার যে অবদান, তা জাতি কখনও ভুলবে না। বেগম খালেদা জিয়া জাতির কাছে চিরস্মরণীয় হয়ে থাকবেন উল্লেখ করে রুহুল কবির রিজভী বলেন, তিনি স্বাধীনতা, সার্বভৌমত্ব ও গণতন্ত্রের প্রশ্নে কোনোদিন আপস করেননি। আইনের প্রতি বেগম খালেদা জিয়ার অগাধ শ্রদ্ধা ছিল উল্লেখ করে প্রধানমন্ত্রীর এই উপদেষ্টা বলেন, তিনি আইনের প্রক্রিয়া থেকে বিচ্যুত হননি। গোটা জাতিকে ছায়া দিয়ে রাখতে চেয়েছিলেন এবং সেটিই করেছেন শেষ দিন পর্যন্ত। এ জাতি কোনোদিন তার অবদান ভুলবে না।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৮.২০২৬ রুবাইয়া)

## ডেমরার একটি বাড়িতে বোমাসদৃশ বস্তুর সন্ধান

রাজধানীর ডেমরার নিঝুমবাগের একটি বাড়িতে বোমাসদৃশ দুটি বস্তুর সন্ধান পাওয়া গেছে। খবর পেয়ে ঘটনাস্থলে ডিএমপির সিটিটিসি ও বোম্ব ডিসপোজাল ইউনিটের সদস্যরা উপস্থিত হয়েছেন। এ ঘটনায় একজনকে আটক করা হয়েছে। ডেমরা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ তাইফুর রহমান বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, আমরা বিকেল ৫টায় খবর পাই। পরে বোম্ব ডিসপোজাল ইউনিটকে খবর দেই। তারা ঘটনাস্থলে এসে কার্যক্রম চালাচ্ছে। এ ঘটনায় সংশ্লিষ্ট একজন আটক আছেন। এর বেশিকিছু আপাতত বলতে পারছি না। আমাদের ঘটনাস্থল থেকে অনেক দূরে রাখা হয়েছে। এদিকে, কাউন্টার টেরোরিজম ইউনিটের (সিটিটিসি) এক কর্মকর্তা জানান, এর আগে যাত্রাবাড়ীর জনপদ মোড়ে পুলিশের ওপর হামলার ঘটনা ঘটেছিল। ওই ঘটনার আসামি ধরতে গিয়ে ওই বাড়িতে বোমাসদৃশ দুটি বস্তুর সন্ধান পাওয়া যায়। এ সময় জুয়েল নামে একজনকে আটক করা হয়েছে বলেও জানান তিনি। তিনি বলেন, বোম্ব ডিসপোজাল ইউনিট বোমাসদৃশ একটি বস্তু নিষ্ক্রিয় করেছে। আরেকটি নিষ্ক্রিয়ের কাজ চলছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৮.২০২৬ রুবাইয়া)

## ছাত্রকে অবরুদ্ধ করে 'ভয়ভীতি প্রদর্শন', প্রভোস্ট বললেন 'নাস্তা করিয়েছি'

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ফজলুল হক মুসলিম হলের প্রোভোস্ট অধ্যাপক ড. মো. ইলিয়াস আল মামুনের বিরুদ্ধে এক শিক্ষার্থীকে নিজ কক্ষে ডেকে প্রায় দেড় ঘণ্টা ধরে মানসিকভাবে চাপ প্রয়োগ, ভয়ভীতি দেখানো, জোর করে মোবাইল ফোন কেড়ে নেওয়া এবং নিজের পছন্দমতো লিখিত বক্তব্যে সই নেওয়ার অভিযোগ উঠেছে। তবে এসব অভিযোগ অস্বীকার করে প্রোভোস্ট বলছেন, তিনি ওই শিক্ষার্থীকে বোঝানোর জন্য অফিসে ডেকেছিলেন এবং কথা বলার পর নাস্তা করিয়েছেন। অভিযোগকারী মো. ইব্রাহীম ঢাবির রোবটিক্স অ্যান্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ফজলুল হক মুসলিম হলের আবাসিক শিক্ষার্থী। রোববার (১৬ আগস্ট) দুপুরে এ ঘটনার পর বিকেলে নিজের ফেসবুকে এক পোস্টে ভুক্তভোগী শিক্ষার্থী ইব্রাহীম অভিযোগ করেন, একটি ফেসবুক পোস্ট শেয়ার করার কারণে তাকে হল অফিসে প্রোভোস্টের কক্ষে ডাকা হয়। এর আগে, একই ধরনের ঘটনায় এক জুনিয়র শিক্ষার্থীকে প্রোভোস্টের কক্ষে ডেকে দীর্ঘ সময় চিৎকার ও ভয়ভীতি দেখানোর ঘটনা তার জানা থাকায় তিনি কক্ষে প্রবেশের আগে নিজের ফোনে অডিও রেকর্ড চালু করে পকেটে রাখেন বলে জানান। ইব্রাহীমের দাবি, কথোপকথনের একপর্যায়ে প্রোভোস্ট তার পকেটে থাকা ফোন বের করতে বলেন। তিনি ফোন দিতে অস্বীকৃতি জানালে প্রোভোস্ট উত্তেজিত হয়ে ওঠেন এবং কয়েকজন হল কর্মচারী তার কাছ থেকে জোর করে ফোনটি নিয়ে নেন। তার ভাষ্য অনুযায়ী, এসময় তিনি কক্ষ থেকে বের হতে চাইলে কয়েকজন কর্মচারী তাকে আটকে রাখেন এবং একজন দরজা বন্ধ করে দেন। ইব্রাহীম অভিযোগ করেন, এরপর প্রায় দেড় ঘণ্টা ধরে তাকে বিভিন্নভাবে ভয়ভীতি দেখানো হয়। তার হলের

সিট বাতিল এবং ছাত্রত্ব বাতিল করার হুমকি দেওয়া হয় বলেও দাবি করেন তিনি। একইসঙ্গে তার বিরুদ্ধে সাইবার আইনে মামলা করার কথা বলা হয়েছিল বলে অভিযোগ তার। তার অভিযোগ, একপর্যায়ে প্রোভোস্টের কর্মচারীরা একটি লিখিত বক্তব্য তৈরি করে সেটি তাকে দিয়ে লিখিয়ে নেন এবং তাতে সই করান। ওই বক্তব্যে তিনি হল সংসদের ভিপি, জিএস, এজিএসসহ অন্যদের প্ররোচনায় পড়ে প্রোভোস্টের বিরুদ্ধে ফেসবুকে লেখালেখি করেছেন- এমন বক্তব্য ছিল বলে দাবি করেন ইব্রাহীম। তিনি আরও দাবি করেন, প্রথমবার লেখা বক্তব্যটি প্রোভোস্টের মনঃপূত না হওয়ায় তিনি নিজেই সেটি সম্পাদনা করে পুনরায় লিখতে বলেন। পরে তার মায়ের সঙ্গে ফোনে যোগাযোগ করা হয়। ঘটনার বর্ণনা দিতে গিয়ে ইব্রাহীম বলেন, একপর্যায়ে তিনি কান্নায় ভেঙে পড়েন এবং বারবার ক্ষমা চাইতে থাকেন। পরে পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হলে তাকে পানি ও ফল দেওয়া হয়। তবে কক্ষ থেকে বের হওয়ার আগে ঘটনাটি অন্য কারও সঙ্গে আলোচনা না করতে বলা হয়েছিল বলেও অভিযোগ করেন তিনি। ইব্রাহীমের দাবি, প্রোভোস্ট তাকে আরও বলেছেন, বাইরে গিয়ে সবাইকে যেন জানানো হয় যে, বিষয়টির 'মীমাংসা হয়ে গেছে'। একইসঙ্গে হল সংসদে বিষয়টি জানিয়ে কোনো লাভ হবে না এবং প্রোভোস্টের ক্ষমতাই সর্বোচ্চ- এমন কথাও তাকে বলা হয়েছে বলে অভিযোগ করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৮.২০২৬ রুবাইয়া)

## রেডিও টুডে

### রাস্তায় দাঁড়িয়ে ভাঙচুর করার রাজনীতির দিন এখন নেই : প্রধানমন্ত্রী

জনগণকে বিভ্রান্ত না করে দেশের উন্নয়নে বিরোধীদলকে সঠিক পরিকল্পনা উপস্থাপনের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, দেশের বিদ্যুৎ ও গ্যাস সংকট সমাধানে অন্য রাজনৈতিক দল সরকারের চেয়ে ভালো পরিকল্পনা দিলে, তাদের পরিকল্পনা গ্রহণ করা হবে এবং বাস্তবায়নও করা হবে। কিন্তু কেবল জনগণকে বিভ্রান্ত করতে অপপ্রচার ছড়ালে, জনগণের কাছেই তাদের ক্ষমা চাইতে হবে। দেশনেত্রী ও সাবেক প্রধানমন্ত্রী প্রয়াত বেগম খালেদা জিয়ার ৮২তম জন্মদিন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে দুঃস্থ, অসহায় ও অসুস্থ মানুষের মাঝে চেক বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। শনিবার রাজধানীর মহাখালীর টিঅ্যান্ডটি মাঠে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ সময় বেগম খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনা করে বিশেষ দোয়াও করা হয়। তারেক রহমান বলেছেন, বাংলাদেশের মানুষ তাদের ভাগ্যের পরিবর্তন দেখতে চায়। তারা দেখতে চায়, প্রিয় মাতৃভূমিকে পৃথিবীর বুকে ধীরে ধীরে এগিয়ে যেতে। কিন্তু সামনে এগিয়ে যেতে এবং মানুষের ভাগ্য পরিবর্তন করতে দেশের ২০ কোটি মানুষের ৪০ কোটি হাতকে কর্মীর হাতে রূপান্তর করতে হবে, শ্রমিকের হাতে রূপান্তরিত করতে হবে। প্রধানমন্ত্রী বলেন, জনগণকে বিভ্রান্ত করা একজন রাজনীতিবিদের কাজ বা দায়িত্ব না। বরং জনগণকে ধৈর্য শেখানো এবং সঠিক পথ দেখানো তার দায়িত্ব। দেশে বিশৃঙ্খলার রাজনীতির দিন শেষে মন্তব্য করে তারেক রহমান বলেন, মিথ্যাচার ও বিশৃঙ্খলার রাজনীতি স্বৈরাচার সরকার করে গেছে। কিন্তু বর্তমান রাজনীতিবিদরা জনগণের কাছে উন্নয়নের প্রতিজ্ঞা করেছেন। তাই, হঠকারিতা ও বিভ্রান্তির রাজনীতি বাদ দিয়ে জনমানুষের কল্যাণে পরিকল্পনা উপস্থাপন করুন। তিনি বলেন, রাস্তায় দাঁড়িয়ে ভাঙচুর করার রাজনীতির দিন এখন নেই। জনগণ আর সেই রাজনীতি সমর্থনও করে না। তারেক রহমান বলেন, ঢাকা-১৭ আসনে আমাদের প্রতিনিধিরা জনগণের সেবায় কাজ করছেন। পাশের লেকটি পরিষ্কার করতে ছয় মাস সময় লাগে। এসব সহজ কাজ না; কিন্তু সমালোচনা করা সহজ। তাই যারা সমালোচনায় ব্যস্ত আছেন, তারা এখনই মাঠে নামুন। মানুষ এবং দেশের জন্য কাজ করুন; সঠিক কথা বলুন। দেশে বিশৃঙ্খলার সৃষ্টি হয়- এমন কথা থেকে বিরত থাকুন। তিনি আরও বলেন, স্বৈরাচারের সঙ্গে যুদ্ধ করে বিএনপির নেতা-কর্মীরা রাজপথে টিকে আছেন। যারা আজ বড়ো গলায় কথা বলছে এবং মিথ্যাচার করছে, গত ১৭ বছর মানুষ তাদের রাজপথে দেখতে পায়নি। দেশের বড়ো পত্রিকাগুলোর পাতায় চোখ বুলালেই দেখা যাবে, কীভাবে আমাদের নেতা-কর্মীদের ওপর নির্যাতন, গুম, হত্যাসহ পিটিয়ে রক্তাক্ত করা হয়েছিল। তারেক রহমান বলেন, একটি রাজনৈতিক দলের নেতারা ৭১ সালে ভুল করেছে, ৮৬ সালে ভুল করেছে, ৯৬ সালে ভুল করেছে, আবার ২০২৬ সালেও মানুষের মধ্যে বিভ্রান্তি ছড়াচ্ছে। তাদের বলবো, এসব উস্কানির রাজনীতি থেকে বেরিয়ে আসুন। মানুষের উপকারের পরিকল্পনা থাকলে সংসদে উপস্থাপন করুন। জনগণের সামনে তুলে ধরুন। আমরা সেই পরিকল্পনা অনুযায়ী কাজ করবো। প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব-২ এবং ঢাকা-১৭ আসনের প্রতিনিধি আবদুর রহমান সানী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৮.২০২৬ এলিনা)

### নারীদের অনার্স পর্যন্ত পড়াশোনা ফ্রি : প্রধানমন্ত্রী

অনার্স পর্যন্ত নারীদের ফ্রিতে পড়াশোনা করার ব্যবস্থা করা হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রবিবার দুপুরে কিশোরগঞ্জের পাকুন্দিয়া উপজেলার মির্জাপুর চেয়ারম্যান বাড়িঘাট এলাকায় জাতীয় মৎস্য পক্ষ-২০২৬ উপলক্ষ্যে পুরাতন ব্রহ্মপুত্র নদে মাছের পোনা অবমুক্ত, স্থানীয় জেলেদের মধ্যে মাছের পোনা বিতরণ ও স্থানীয় মানুষের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে তিনি এ কথা জানান। বিএনপি চেয়ারপার্সন ও প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, দেশনেত্রী খালেদা জিয়া যখন দেশ পরিচালনার দায়িত্বে ছিলেন, তখন নারীদের শিক্ষা ইন্টারমিডিয়েট পর্যন্ত ফ্রি করে দিয়েছিলেন। দেশের জনসংখ্যার অর্ধেক নারী। এই নারী সমাজকে যদি আমরা পিছিয়ে রাখি, তাহলে দেশকে সামনে এগিয়ে নেওয়া

সম্ভব নয়। সে কারণেই বর্তমান সরকার সিদ্ধান্ত নিয়েছে, নারীদের অনার্স পর্যন্ত শিক্ষা ফ্রি করে দেওয়া হবে। সব খরচ বহন করবে সরকার। তিনি বলেন, এখানে অনেক বোন ও সন্তানতুল্য মেয়েরা আছে। তোমাদের ভালোভাবে মনোযোগ দিয়ে লেখাপড়া করতে হবে, যাতে বড়ো হয়ে তোমরা এই দেশের হাল ধরতে পারো। শুধু তাই নয়, যে-সব মেয়েরা ভালো ফলাফল করবে, তাদের জন্য সরকার থেকে উপবৃত্তিরও ব্যবস্থা করা হবে। তিনি আরো বলেন, গ্রামগঞ্জে ছড়িয়ে থাকা হাজার হাজার প্রাথমিক বিদ্যালয়ের গরিব পরিবারের শিশুদের আমরা সরকারের পক্ষ থেকে বছরে একবার স্কুল ড্রেস দিতে চাই। শুধু স্কুল ড্রেস নয়, প্রায় এক কোটি ২০ লাখ শিশুর হাতে স্কুল ব্যাগও পৌঁছে দিতে চাই। প্রতিবছর নতুন বই দেওয়ার পাশাপাশি তাদের নতুন স্কুল ব্যাগ ও স্কুল ড্রেসও আমরা ঘরে ঘরে পৌঁছে দিতে চাই। নারীদের স্বাবলম্বী করার বিষয়ে তারেক রহমান বলেন, বাংলাদেশের নারী সমাজকে যেমন শিক্ষায় সামনে এগিয়ে নিতে চাই, একইভাবে তাদের স্বাবলম্বী করে গড়ে তুলতে চাই। নির্বাচনের আগে আমরা বলেছিলাম, বাংলাদেশের চার কোটি পরিবারের মধ্যে যে নারী পরিবারের প্রধান ও সংসার পরিচালনা করেন, পর্যায়ক্রমে তার হাতে ফ্যামিলি কার্ড পৌঁছে দেওয়া হবে। আল্লাহর রহমতে ফ্যামিলি কার্ডের কাজও শুরু হয়েছে। আগামী পাঁচ বছরে পর্যায়ক্রমে দেশের প্রতিটি ঘরে এই কার্ড পৌঁছে দেওয়া হবে। এরই অংশ হিসেবে আজ কিশোরগঞ্জ জেলায় ফ্যামিলি কার্ডের কার্যক্রম উদ্বোধন করা হচ্ছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ আসাদ)

## জাতীয় গ্রিডে ২,৪৪৩ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ করছে পেট্রোবাংলা

গ্যাস সংকট কমাতে সরকারের আন্তরিক প্রচেষ্টার অংশ হিসেবে বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) আজ জাতীয় গ্যাস গ্রিডে ২ হাজার ৪৪৩ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ করেছে। পেট্রোবাংলার চেয়ারম্যান আব্দুল মান্নান বলেন, "শিল্প উৎপাদন ও বিদ্যুৎ উৎপাদন নিরবচ্ছিন্ন রাখতে এবং সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক করতে আমরা জাতীয় গ্যাস গ্রিডে আরও বেশি পরিমাণে গ্যাস সরবরাহের চেষ্টা করছি।" তিনি বলেন, সাম্প্রতিক কারিগরি ত্রুটি ও আবহাওয়াজনিত সমস্যার পর এক্সিলারেট এনার্জি ও সামিট গ্রুপ পরিচালিত দুটি ভাসমান এলএনজি টার্মিনালের মাধ্যমে আমদানি করা এলএনজি জাতীয় গ্যাস গ্রিডে সরবরাহ করা হচ্ছে। পেট্রোবাংলার সর্বশেষ তথ্যানুযায়ী, ক্রমবর্ধমান চাহিদার বিপরীতে বর্তমানে জাতীয় গ্যাস গ্রিডে দৈনিক ২ হাজার ৪৪৩ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ করা হচ্ছে। এর মধ্যে দেশীয় উৎস থেকে ১ হাজার ৬১৫ মিলিয়ন ঘনফুট এবং পুনঃগ্যাসকৃত এলএনজি থেকে ৮২৮ মিলিয়ন ঘনফুট গ্যাস আসছে। মোট সরবরাহকৃত গ্যাসের মধ্যে শেভরন ৮৭০ মিলিয়ন ঘনফুট, বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেড (বিজিএফসিএল) ৪৭৭ মিলিয়ন ঘনফুট, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) ১৩৯ মিলিয়ন ঘনফুট, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন অ্যান্ড প্রোডাকশন কোম্পানি লিমিটেড (বাপেক্স) ৯৬ মিলিয়ন ঘনফুট এবং টাল্লো ৩৩ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ করছে। পেট্রোবাংলার চেয়ারম্যান বলেন, এক্সিলারেট এনার্জির এফএসআরইউকে পূর্ণ সক্ষমতায় চালু করতে হলে এটি বন্ধ রেখে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৮.২০২৬ এলিনা)

## রাঙামাটিতে পিকআপ উল্টে চালকসহ নিহত ৩

রাঙামাটি সদর উপজেলার সাপছড়ি ইউনিয়নের মানিকছড়ি এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে একটি পিকআপ উল্টে চালকসহ তিনজন নিহত হয়েছেন। এ ঘটনায় এক নারীসহ আরও তিনজন গুরুতর আহত হয়েছেন। রোববার (১৬ আগস্ট) ভোর সাড়ে ৫টার দিকে মানিকছড়ি আর্মি ক্যাম্পের সামনে রাঙামাটি-খাগড়াছড়ি মহাসড়কে এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। কোতোয়ালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জসীম উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন। নিহতরা হলেন- মেঘরানী চাকমা (৪৫), শান্তনা চাকমা (৩৮) ও শান্তি রঞ্জন চাকমা (৬৫)। আহতরা হলেন- শোভা চাকমা (৫২), পিকআপের ড্রাইভার জ্ঞান বিকাশ চাকমা (৫০) ও সুমন চাকমা (৪৫)। আহতদের মধ্যে সুমন চাকমাকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। নিহতদের মরদেহ হাসপাতাল মর্গে রাখা হয়েছে। নিহত ও আহতরা সবাই ক্ষুদ্র ব্যবসায়ী। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৮.২০২৬ এলিনা)

## প্রধানমন্ত্রীর ভারত সফরের 'অনুকূল পরিবেশ' নেই : পররাষ্ট্র মন্ত্রণালয়

প্রধানমন্ত্রী তারেক রহমানের ভারত সফরের অনুকূল পরিবেশ নেই। সম্ভাব্য এ সফরের আগে দুই দেশের সম্পর্কের ক্ষেত্রে 'অনুকূল পরিবেশ' তৈরির তাগিদ দিয়েছে বাংলাদেশ। রোববার দুপুরে এক ব্রিফিংয়ে এ কথা জানিয়েছেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র একে এম শহীদুল করিম। তিনি বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য দ্বিপক্ষীয় সফর নিয়ে বাংলাদেশ ও ভারতের কর্মকর্তারা গত কয়েক সপ্তাহ ধরে যোগাযোগ করছেন। তবে, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল কর্তৃক মানবতাবিরোধী অপরাধের দায়ে দণ্ডপ্রাপ্ত শেখ হাসিনা ৫ আগস্ট নয়া দিল্লিতে যেভাবে প্রকাশ্যে সংবাদ সম্মেলনে কথা বলেছেন, তাতে এই প্রক্রিয়ার পরিবেশ বিনষ্ট হয়েছে। আমরা এ বিষয়ে আমাদের অবস্থান পরিষ্কার করেছি। আমরা মনে করি, এই সফরের জন্য একটি অনুকূল পরিবেশ তৈরি করা প্রয়োজন। শহীদুল করিম বলেন, দ্বিপাক্ষিক প্রত্যর্পণ চুক্তি অনুযায়ী শেখ হাসিনা এবং অন্যান্য পলাতক অপরাধীদের দ্রুত ফেরত পাঠাতে এবং শরীফ ওসমান হাদি হত্যায় অভিযুক্তদের বাংলাদেশের কাছে হস্তান্তর করতে ভারতীয় কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানানো হয়েছে। বাংলাদেশ এখন ভারতের জবাবের অপেক্ষায় আছে। সরকারের পক্ষ থেকে বলা হয়েছে, সার্বভৌম সমতা, জাতীয় মর্যাদা, একে অপরের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করা এবং পারস্পরিক স্বার্থের ভিত্তিতে প্রতিবেশীসহ অন্যান্য সব

দেশের সঙ্গে বন্ধুত্বপূর্ণ দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়নে বাংলাদেশ তার 'বাংলাদেশ ফার্স্ট' (বাংলাদেশ প্রথম) নীতি অব্যাহত রাখবে।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৮.২০২৬ এলিনা)

## প্রচলিত সংবিধান অনুযায়ীই আমাদের চলতে হবে : গয়েশ্বর

বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় বলেছেন, সংবিধান অনুযায়ীই আমাদের পথ চলতে হবে। তিনি বলেন, "আমাদের প্রচলিত সংবিধান অনুযায়ী পথ চলতে হবে। যেখানে বাধা আছে, সেই বাধা অতিক্রম করার জন্য আমাদের জাতীয় সংসদ থেকে সংবিধান সংশোধন করতে হবে। তিনি আজ রাজধানীর আগারগাঁও নির্বাচন ভবনে রাষ্ট্রপতি নির্বাচনে মনোনয়নপত্র যাচাই-বাছাইয়ের সময় প্রধান নির্বাচনি কর্মকর্তা অর্থাৎ প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এএমএম নাসির উদ্দিনের সাথে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ কথা বলেন। এর আগে, প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এএমএম নাসির উদ্দিন সাথে বিএনপির পক্ষে দলটির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খানের নেতৃত্বে একটি প্রতিনিধি দল সাক্ষাৎ করেন। এসময় জাতীয় সংসদের চিফ হুইপ মো. নূরুল ইসলাম উপস্থিত ছিলেন। সিইসির সাথে সাক্ষাৎ শেষে গয়েশ্বর চন্দ্র রায়  বলেন, "আপনাদের আনন্দের সাথে জানাচ্ছি যে, আমাদের প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীর ২৩তম বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচনের প্রার্থী হিসেবে বৈধ ঘোষিত হয়েছেন।" তিনি বলেন, এখন আমরা ২০ আগস্ট  নির্বাচনের জন্য অপেক্ষায় থাকব। সংবিধানের ৭০ অনুচ্ছেদ নিয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন,  রাষ্ট্রপতি নির্বাচনের আগে এই প্রশ্নটা অবান্তর। কনফিউশন সৃষ্টি করে লাভ নেই। সংবিধান সংশোধন প্রসঙ্গে অপর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, "সেটা পরের চ্যাপ্টার বা বিষয়। পরবর্তী সংসদ যদি বিবেচনা করে সবাই মিলে, এটা হতে পারে।" (রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৮.২০২৬ এলিনা)

## দেশের সব জেলা প্রশাসকের জন্য ১৪ নির্দেশনা

ভূমি ব্যবস্থাপনাকে আরো স্বচ্ছ, জবাবদিহিমূলক ও জনবান্ধব করতে মাঠ পর্যায়ের ভূমি অফিসগুলোর কার্যক্রম নিয়মিত মনিটরিং ও তদারকির জন্য দেশের সব জেলা প্রশাসকের কাছে ১৪ দফা নির্দেশনা পাঠিয়েছে ভূমি মন্ত্রণালয়। ভূমি মন্ত্রণালয়ের ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরম্যান্স অনুবিভাগের উপ-সচিব সাদেকুর রহমান স্বাক্ষরিত এক চিঠিতে সম্প্রতি এ নির্দেশনা দেওয়া হয়। চিঠিতে বলা হয়েছে, সরকার ভূমি ব্যবস্থাপনাকে আধুনিক ও প্রযুক্তিনির্ভর করতে বিভিন্ন উদ্যোগ বাস্তবায়ন করছে। এসব উদ্যোগের কার্যকারিতা নিশ্চিত করতে উপজেলা ভূমি অফিস, রাজস্ব সার্কেল এবং ইউনিয়ন ও পৌর ভূমি অফিসের কার্যক্রম নিবিড়ভাবে তদারকি করা প্রয়োজন। সেবার মানোন্নয়ন, নাগরিক হয়রানি কমানো এবং সরকারি নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যেই এ নির্দেশনা দেওয়া হয়েছে। নির্দেশনায় জেলা প্রশাসকদের ভূমি অফিসে কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি, দাপ্তরিক শৃঙ্খলা ও সময়ানুবর্তিতা নিশ্চিত করার পাশাপাশি নামজারি, ভূমি উন্নয়ন কর, খতিয়ান, নকশা, রেকর্ড সংশোধনসহ বিভিন্ন সেবা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হচ্ছে কি না তা নিয়মিত পর্যবেক্ষণের কথা বলা হয়েছে। এ ছাড়া নাগরিকবান্ধব আচরণ নিশ্চিত করা, অনলাইন ভূমিসেবা, ই-নামজারি ও ডিজিটাল রেকর্ড ব্যবস্থাপনার কার্যকারিতা পর্যালোচনা, দালাল ও দুর্নীতিমুক্ত সেবা নিশ্চিত করা, অভিযোগের দ্রুত তদন্ত এবং সেবার ফি, প্রক্রিয়া ও সময়সীমা দৃশ্যমানভাবে প্রদর্শনের নির্দেশ দেওয়া হয়েছে। চিঠিতে আরো বলা হয়েছে, 'ভূমিসেবায় অভিযোগ ব্যবস্থাপনা ও কারিগরি সহায়তা সিস্টেম' কার্যকরভাবে ব্যবহার করে নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করতে হবে। একইসঙ্গে অফিসের পরিচ্ছন্নতা, নথি সংরক্ষণ, নাগরিক সনদ, তথ্য বোর্ড ও সেবার মানদণ্ড হালনাগাদ রাখা, আইটি সরঞ্জামের যথাযথ ব্যবহার ও রক্ষণাবেক্ষণ এবং ভূমি আইন, বিধি ও মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ নিশ্চিত করতে হবে। এ ছাড়া স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, 'ভূমিসেবা সহায়তা কেন্দ্র'-এর সংখ্যা বৃদ্ধি ও কার্যক্রম তদারকি, আকস্মিক পরিদর্শনের মাধ্যমে অনিয়ম শনাক্ত করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং সংশ্লিষ্ট কর্মীদের জবাবদিহিতা নিশ্চিত করার নির্দেশ দেওয়া হয়েছে। নির্দেশনা অনুযায়ী, জেলা প্রশাসকদের মনিটরিং কার্যক্রমের সারসংক্ষেপ, অগ্রগতি এবং গৃহীত ব্যবস্থা উল্লেখ করে প্রতি মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে ভূমি মন্ত্রণালয়ে পাঠাতে হবে। ভূমি মন্ত্রণালয় জানিয়েছে, নিয়মিত তদারকি ও কার্যকর মনিটরিংয়ের মাধ্যমে মাঠ পর্যায়ে ভূমিসেবার গুণগত মান আরও উন্নত করা এবং একটি স্বচ্ছ, জবাবদিহিমূলক ও জনমুখী ভূমি প্রশাসন গড়ে তোলাই এই নির্দেশনার মূল লক্ষ্য।(রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ আসাদ)

## লটারিতে গণপূর্তের ৪০৯ প্রকৌশলীর বদলি

লটারির মাধ্যমে গণপূর্ত অধিদপ্তরের ৪০৯ জন প্রকৌশলীকে বদলি করা হয়েছে। রবিবার সেগুনবাগিচায় পূর্ত ভবনের সম্মেলনকক্ষে ১৫২ জন সহকারী প্রকৌশলী ও ৬৭ জন সহকারী প্রকৌশলী বদলি করা হয়। একই দিনে ১৩৫ জন উপবিভাগীয় প্রকৌশলী ও ৫৫ জন উপবিভাগীয় প্রকৌশলীকে বদলি করা হয়েছে। লটারির ভিত্তিতে ঢাকা বিভাগের বিভিন্ন কার্যালয়ে ১০০ জন, রাজশাহী বিভাগে ২০ জন, চট্টগ্রাম বিভাগে ৩৪ জন, খুলনা বিভাগে ২০ জন, বরিশাল বিভাগে ১২ জন, সিলেট বিভাগে ৭ জন, ময়মনসিংহ বিভাগে ৯ জন এবং রংপুর বিভাগে ১৭ জন সহকারী প্রকৌশলীকে বদলি-পদায়ন করা হয়েছে। এছাড়াও উপবিভাগীয় প্রকৌশলী পদে লটারির ভিত্তিতে ঢাকা বিভাগের বিভিন্ন কার্যালয়ে ৭৯ জন, রাজশাহী বিভাগে ১৮ জন, চট্টগ্রাম বিভাগে ৩২ জন, খুলনা বিভাগে ২০ জন, বরিশাল বিভাগে ১০ জন, সিলেট বিভাগে ৯ জন, ময়মনসিংহ বিভাগে ৭ জন এবং রংপুর বিভাগে ১৫ জন উপবিভাগীয় প্রকৌশলীকে  বদলি-পদায়ন করা হয়েছে। বদলি ও পদায়নের ক্ষেত্রে স্বচ্ছতা, নিরপেক্ষতা ও শৃঙ্খলা নিশ্চিত করতে

আয়োজিত লটারি কার্যক্রমে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. সারোয়ার আলম, গণপূর্ত অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী কাজী মো. ফিরোজ হাসান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মুহাম্মদ সারওয়ার জাহান ও স্বপন চাকমা উপস্থিত ছিলেন । (রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ আসাদ)

## চট্টগ্রামে বিদেশি জাহাজ থেকে পড়ে বাংলাদেশি নিখোঁজ

চট্টগ্রাম বন্দরের বহির্নোঙ্গরে 'এমভি ক্রিমসন গ্রেস' নামের একটি বিদেশি জাহাজ থেকে পড়ে এক বাংলাদেশি নিখোঁজ হয়েছেন। রোববার সকালে আলফা অ্যাঙ্করোজে অবস্থান করছিল এই জাহাজটি। সেখান থেকে ছোটো আকারের লাইটার জাহাজে পণ্য খালাস করার সময় হঠাৎ সাগরে পড়ে যান ইয়াসিন নামের ব্যাক্তি। তখন থেকেই নিখোঁজ তিনি। ইয়াসিন বাংলাদেশি স্টিভিডোর প্রতিষ্ঠানের কর্মী হিসেবে কর্মরত ছিলেন। তার বয়স আনুমানিক ৫০ বছর বলে জানিয়েছে বন্দর কর্তৃপক্ষ। বন্দরের সচিব সৈয়দ রেফায়েত হামিম বলেন, "রোববার বেলা ১১টা ৩৭ মিনিটের দিকে ইয়াসিন জাহাজ থেকে পানিতে ভেসে যান। তাকে উদ্ধারে নৌবাহিনী ও কোস্ট গার্ডকে অবহিত করা হয়েছে। সমুদ্রে থাকা জনযানগুলোকেও নিয়মিত বেতার বার্তা দেওয়া হয়েছে। সন্ধ্যা পর্যন্ত তাকে উদ্ধার করা যায়নি। নিখোঁজ ইয়াসিন স্টিভিডোর প্রতিষ্ঠানের কর্মী ছিলেন। এ ধরনের প্রতিষ্ঠান বড় জাহাজ থেকে ছোট জাহাজে পণ্য খালাসের কাজ করে থাকে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ আসাদ)

## শোলাকিয়া ঈদগাহ ময়দানের উন্নয়নে ১৭ কোটি টাকার প্রকল্প নিয়েছে সরকার : প্রধানমন্ত্রী

ঐতিহাসিক শোলাকিয়া ঈদগাহ ময়দানের ২০০ বছর পূর্তি উপলক্ষ্যে মাঠের সার্বিক সুবিধাদি বৃদ্ধি ও আধুনিকায়নে ১৭ কোটি টাকার সমন্বিত উন্নয়ন প্রকল্প গ্রহণ করেছে সরকার। আজ রোববার সন্ধ্যায় কিশোরগঞ্জের ঐতিহাসিক শোলাকিয়া ঈদগাহ ময়দানে সরকারের গৃহীত বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের ফলক উন্মোচন ও ভিত্তিপ্রস্তর স্থাপনকালে প্রধানমন্ত্রী তারেক রহমান এ কথা জানিয়েছেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী বলেন, ঐতিহাসিক শোলাকিয়া ঈদগাহ ময়দানে প্রতি ঈদে লাখ লাখ মানুষ নামাজ আদায় করতে আসেন। আগামীতে এই মাঠের ২০০তম জামাত অনুষ্ঠিত হতে যাচ্ছে। এই বিশেষ উপলক্ষ্যকে সামনে রেখে মাঠটির সার্বিক উন্নয়নে আমরা ১৭ কোটি টাকার একটি প্রকল্প হাতে নিয়েছি। তিনি বলেন, প্রকল্পের আওতায় ইতোমধ্যে জেলা প্রশাসকের নিকট সরকারি তহবিল থেকে ৬ কোটি টাকা হস্তান্তর করা হয়েছে। খুব শিগ্গিরই দৃশ্যমান উন্নয়ন কাজ সম্পন্ন হবে। প্রকল্পের বিভিন্ন দিক তুলে ধরে প্রধানমন্ত্রী এসময় আরও বলেন, শোলাকিয়া মাঠের সীমানা প্রাচীর ও দৃষ্টিনন্দন প্রবেশদ্বার নির্মাণ, ওজুখানার সুব্যবস্থাসহ সংলগ্ন পুকুরের সৌন্দর্যবর্ধন এবং মাঠটিকে চলাচলের উপযোগী করে গড়ে তোলা হবে। এর ফলে স্থানীয় ছেলেমেয়েদের খেলাধুলা এবং সাধারণ মানুষের সকাল-সন্ধ্যাকালীন হাঁটার সুযোগ তৈরি হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ আসাদ)

## সরকার শূন্য থেকে নয়, বরং মাইনাস থেকে শুরু করেছে : অর্থমন্ত্রী

সরকার শূন্য থেকে নয়, বরং মাইনাস থেকে শুরু করেছে বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেছেন, দায়িত্ব নেওয়ার সময় অর্থনীতি কঠিন অবস্থার মধ্যে ছিল। ব্যাংকিং খাত, শেয়ারবাজার ও সরকারি আর্থিক ব্যবস্থাপনায় বড়ো ধরনের সংকট ছিল। আজ রোববার বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে 'জুলাই গণ-অভ্যুত্থান স্মরণ অনুষ্ঠান ২০২৬' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তবুও আর্থিক সেই সীমাবদ্ধতার মধ্যেও ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড এবং প্রাথমিক স্বাস্থ্যসেবা কর্মসূচির মতো উদ্যোগ নেওয়া হয়েছে জানিয়ে মন্ত্রী আরও বলেন, ফ্যামিলি কার্ডের মাধ্যমে নিম্নআয়ের পরিবারের কাছে সহায়তা পৌঁছে দেওয়া সম্ভব হবে, যা তাদের স্বাস্থ্য, শিক্ষা ও পুষ্টির উন্নয়নে ভূমিকা রাখবে। মন্ত্রী বলেন, আমরা সৃজনশীল অর্থনীতির ওপর বিশেষ গুরুত্ব দিচ্ছি। এর মাধ্যমে দেশের গ্রামীণ শিল্পী, কারুশিল্পী, খেলোয়াড়, সাংস্কৃতিক কর্মীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষকে অর্থনৈতিক কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত করার উদ্যোগ নেওয়া হয়েছে। এসব খাতের মানুষের জন্য দক্ষতা উন্নয়ন, ঋণ সুবিধা, ডিজাইনিং সহায়তা ও বাজার সম্প্রসারণের সুযোগ তৈরি করতে হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ আসাদ)

## মোংলা নদীতে দশম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ হবে : নৌ পরিবহণমন্ত্রী

মোংলা নদীতে দশম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ করা হবে বলে জানিয়েছেন নৌ পরিবহণ, সড়ক ও সেতু এবং রেলমন্ত্রী শেখ রবিউল আলম। তিনি বলেন, মোংলা নদীর ওপর দশম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়নে পরিকল্পনা রয়েছে। মোংলার বিশেষ অর্থনৈতিক জোনে অক্টোবরে কাজ শুরু হবে। এতে এখানকার ২৫-৬০ হাজার মানুষের কর্মসংস্থান হবে। রবিবার বিকেলে মোংলার স্থায়ী বন্দর বাসস্ট্যান্ডে পৌর বিএনপির আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে এসব কথা বলেন মন্ত্রী। নৌ পরিবহণমন্ত্রী বলেন, "এই সরকারের প্রধানমন্ত্রী তারেক রহমান জনগণের কাছে অঙ্গীকারবদ্ধ। আমরা এ দেশের উন্নয়ন নিশ্চিত করতে চাই। রাষ্ট্র ব্যবস্থাপনার আমূল পরিবর্তন করতে চাই, জনগণের কাছে দায়বদ্ধ থাকতে চাই, জনআকাঙ্ক্ষা বাস্তবায়ন করতে চাই। এটাই হচ্ছে বিএনপির রাজনীতি।" শেখ রবিউল আলম বলেন, "মোংলা বন্দরের অদূরে আকরাম পয়েন্টে এলএনজি স্টেশন করা হবে। সেখান থেকে ২৩ কিলোমিটার পাইপলাইন টেনে গ্যাস মোংলায় আনা হবে। এরপর মোংলায় সেই গ্যাস দিয়ে বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র করা

হবে।” তিনি আরও বলেন, “চট্টগ্রাম বন্দরকে আমরা ছাড়িয়ে যেতে চাই। সেই উদ্যোগ সরকার নিয়েছে। মোংলা বন্দরে নতুন জেটি নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে। এছাড়া মোংলা বন্দরে কোল্ড স্টোরেজ এবং মোংলা ইন্ডাস্ট্রিয়াল হাব হবে। এসব প্রচেষ্টার মধ্যে রয়েছে সরকার।” (রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ আসাদ)

**কাঠমাণ্ডুতে কারিগরি ত্রুটিতে আটকা বিমানের যাত্রীরা**

নেপালের কাঠমাণ্ডু থেকে ঢাকাগামী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইটে উড্ডয়নের আগে কারিগরি ত্রুটি দেখা দেওয়ায় সেটি বাতিল করা হয়েছে। রবিবার বিকেলে যাত্রী নিয়ে টার্মিনাল এলাকা ছাড়ার পর ত্রুটি ধরা পড়লে উড়োজাহাজটি আবার টার্মিনালে ফিরিয়ে আনা হয়। পরে যাত্রীদের নামিয়ে অপেক্ষায় রাখা হয়। এতে শতাধিক যাত্রী ভোগান্তিতে পড়েন। ফ্লাইটটির নম্বর বিজি-৩৭২। নির্ধারিত সূচি অনুযায়ী রবিবার বিকেল ৪টায় কাঠমাণ্ডু থেকে ঢাকার উদ্দেশ্যে উড্ডয়নের কথা ছিল। বোর্ডিং শুরু হয় বিকেল ৩টায়।ফ্লাইটের এক যাত্রী জানান, নির্ধারিত সময়ে যাত্রীদের নিয়ে উড়োজাহাজটি টার্মিনাল এলাকা ছাড়ে। রানওয়ের দিকে যাওয়ার কিছুক্ষণ পর যাত্রীদের জানানো হয়, উড়োজাহাজে কারিগরি ত্রুটি দেখা দিয়েছে। পরে সেটি আবার টার্মিনালে ফিরিয়ে আনা হয়। তিনি বলেন, উড়োজাহাজ থেকে নামিয়ে দেওয়ার পর প্রায় দুই ঘণ্টা যাত্রীদের টার্মিনালে অপেক্ষা করতে হয়েছে। ফ্লাইট কখন ছাড়বে, বিকল্প ফ্লাইটের ব্যবস্থা হবে কি না কিংবা লাউঞ্জ ব্যবহারের সুযোগ পাওয়া যাবে কি না, সে বিষয়ে শুরুতে পরিষ্কার কোনো তথ্য দেওয়া হয়নি। এতে বিশেষ করে বয়স্ক, শিশু ও অসুস্থ যাত্রীদের ভোগান্তি বেড়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ আসাদ)

**প্রাথমিকে ইংরেজিতে স্পিকিং টেস্ট চালুর পরিকল্পনা**

প্রাথমিক শিক্ষার নতুন কারিকুলামে ইংরেজি বিষয়ের লিখিত পরীক্ষার পাশাপাশি শিক্ষার্থীদের যোগাযোগ দক্ষতা বাড়াতে স্পিকিং টেস্ট চালুর পরিকল্পনা নেওয়া হয়েছে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। রোববার ময়মনসিংহে জাতীয় প্রাথমিক শিক্ষা অ্যাকাডেমির  মিলনায়তনে ‘প্রাথমিক শিক্ষায় শ্রেণি কার্যক্রম পরিচালনা, মনিটরিং, জবাবদিহিতা ও স্থানীয় প্রশাসনের প্রতি পরিবর্তিত প্রত্যাশা’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ববি হাজ্জাজ বলেন, প্রাথমিক শিক্ষার আগামী কারিকুলামে ইংরেজি শেখানোর ক্ষেত্রে শুধু লিখিত পরীক্ষার ওপর নির্ভর করা হবে না। শিক্ষার্থীদের যোগাযোগ দক্ষতা বাড়াতে ইংরেজি বলার সক্ষমতা যাচাইয়ের জন্য স্পিকিং টেস্ট চালুর পরিকল্পনা নেওয়া হয়েছে। তিনি বলেন, শিক্ষার্থীদের তথ্য ব্যবস্থাপনা ও শিক্ষা কার্যক্রমকে আধুনিক করতে একটি সমন্বিত আইটি ইকোসিস্টেম গড়ে তোলা হচ্ছে। এর আওতায় প্রতিটি শিক্ষার্থীর জন্য একটি করে ইউনিক আইডি দেওয়ার পরিকল্পনাও রয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ আসাদ)

**১৮ আগস্ট চালু হচ্ছে বিআরটিসির ‘মহিলা বাস’ সার্ভিস**

রাজধানীর সড়কে নারীদের যাতায়াত নিরাপদ ও আরামদায়ক করতে পৃথক বাস সার্ভিস চালু করতে যাচ্ছে বাংলাদেশ সড়ক পরিবহণ করপোরেশন। নারী চালক ও কন্ডাক্টর দিয়ে পরিচালিত এ ‘পিংক বাস’ সেবা মঙ্গলবার চালু হবে। রোববার সন্ধ্যায় বিআরটিসির জনসংযোগ কর্মকর্তা মোস্তাকিম ভুঁইয়ার পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বার্তায় বলা হয়েছে, ‘মহিলা বাস সার্ভিস পরিচালন’ কার্যক্রমের উদ্বোধন মঙ্গলবার সকাল ১০টায় রাজধানীর তেজগাঁওয়ে বিআরটিসির ঢাকা ট্রাক ডিপো প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। সরকারের নির্বাচনি ইশতেহার বাস্তবায়নের অংশ হিসেবে পিংক রঙের এ বাস সার্ভিস চালু করা হচ্ছে। সার্ভিসের বাসগুলোতে নারী চালক ও নারী কন্ডাক্টর দায়িত্ব পালন করবেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। বিশেষ অতিথি হিসেবে থাকবেন সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ এবং সচিব ড. মোহাম্মদ জিয়াউল হক। বিআরটিসির চেয়ারম্যান আব্দুল লতিফ মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠানটি অনুষ্ঠিত হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৮.২০২৬ আসাদ)

# BBC

**FIVE KILLED AS RUSSIA LAUNCHES FRESH AERIAL ATTACKS ACROSS UKRAINE**

At least five people have been killed and more than 10 injured in Ukraine in the latest wave of Russian strikes, officials have said. The attacks caused fires across the capital, Kyiv, including at a book market, Ukrainian President Volodymyr Zelensky said, accusing Russia of targeting civilian infrastructure. Meanwhile, Moscow’s mayor said about 600 Ukrainian drones were launched towards the city overnight. A warehouse belonging to Russian online retailer Wildberries was hit. Seven people have died across Russia, officials said. Russia has intensified aerial attacks across Ukraine in recent weeks, while Kyiv has stepped up attacks on Russian logistics hubs, aiming to disrupt military supplies.
(BBC News Web Page: 16/08/26, FARUK)

**THOUSANDS DISPLACED BY DEADLY INDONESIA EARTHQUAKE AS RESCUE EFFORTS CONTINUE**

Around 5,000 people have been displaced by a powerful earthquake in Indonesia that has caused at least 51 fatalities. Rescuers continue to search for survivors of the shallow magnitude 7.7 quake, which struck the island of Flores shortly before 05:00 local time on Saturday. Preliminary reports indicate more than 900 homes and hundreds of other buildings have been severely damaged by the tremor and 341 subsequent aftershocks, the National Disaster Management Agency (BNPB) said. The full scale of the disaster is still being uncovered, with news of a second magnitude 6.9 earthquake elsewhere in Indonesia serving as a reminder of why this region is called the ring of fire. The initial earthquake, which occurred just 15km below the surface, was the south-east Asian nation's deadliest since 2022, when hundreds of people were killed in West Java. Tremors were reportedly felt by residents as far west as Bima, the BNPB said, but the Manggarai province was among the most affected. (BBC News Web Page: 16/08/26, FARUK)

**HURRICANE LALA LASHES HAWAII WITH STRONG WINDS AND TORRENTIAL RAIN**

Strong winds and torrential rain are lashing Hawaii after category one Hurricane Lala skirted Big Island on Saturday. Hawaii Governor Josh Green Lala got "closest to Big Island's South Point area", where a person died in weather-related a car accident. Lala gained hurricane strength on Saturday after generating 80mph wind speeds, which have since peaked at 91mph. It could dump up to 25in of rain and produce a 3ft storm surge. Tens of thousands have been left without power and officials have warned people to prepare for "life-threatening" conditions, including floods and mudslides. The storm is forecast to continue moving westward just south of Hawaii into Sunday morning.
(BBC News Web Page: 16/08/26, FARUK)

**TWELVE KILLED AS POLISH BUS VEERS OFF HUNGARIAN MOTORWAY**

Twelve people were killed and dozens more injured when a bus carrying Polish pilgrims veered off a Hungarian motorway and into a ditch. Police said the bus overturned after coming off the M23 motorway, which connects Hungary's capital Budapest with the north-eastern city of Nyiregyhaza, at around 01:00 local time on Sunday. Officers believe the driver fell asleep at the wheel. He has been taken into custody. Thirty-five out of the 57 passengers and two drivers onboard have been rescued by firefighters so far, state media reports. Emergency services had been attempting to lift the rear axle of the 24-tonne bus to remove the people trapped underneath before cranes arrived to lift the whole vehicle, according to Hungarian news agency MTI. Hungary's ambulance service said it had treated one person with life-threatening injuries, nine people with serious injuries and a further 37 people with minor injuries. (BBC News Web Page: 16/08/26, FARUK)

**EUROPE'S TALLEST VIRGIN MARY STATUE UNVEILED IN RURAL POLAND**

A statue of the Virgin Mary believed to be Europe's tallest has been formally unveiled in a small Polish village. The 55.6-metre concrete figure is roughly two double-decker buses longer than Rio de Janeiro's smaller – if more prominently placed – Christ the Redeemer monument, though it still pales in comparison to a 98m Virgin Mary erected in the Philippines. The ecclesiastical sculpture in rural Konotopie was consecrated by a local bishop in a ceremony on Saturday, a day chosen to coincide with the Feast of the Assumption of the Blessed Virgin Mary. Its inauguration comes at a time when the influence of the Catholic church on public life in Poland has declined.
(BBC News Web Page: 16/08/26, FARUK)

**MOROCCO DETAINS DOZENS OF MIGRANTS TRYING TO CROSS INTO CEUTA: REPORTS**

Moroccan authorities have intercepted dozens of migrants seeking to cross into the Spanish North African exclave of Ceuta, reports say. More than 100 people were blocked trying to make their way to the border on the outskirts of the town of Fnideq, according to Moroccan security sources cited by Spanish media and news agency Reuters. It comes a fortnight after roughly 78,000 migrants arrived in the exclave by sea in a matter of hours – 100 of whom died, according to the city's mayor, who also said the vast majority of arrivals had returned to Morocco. Security had been stepped up in the area after the influx and amid suggestings on social media of a second mass crossing attempt this weekend. The security sources said 111 people had been detained in or around Fnideq – known in Spanish as Castillejos – about 3km from the border, the majority of whom were from sub-Saharan Africa.
(BBC News Web Page: 16/08/26, FARUK)

**QATAR DENISE CAPTURING THREE IRANIAN PILOTS AFTER DOWNING FIGHTER JETS**

Iran has called for the release of three pilots it said were captured by Qatar after two of its fighter jets were hit by air defences during a military operation at the start of the US-Iran war. In a letter to the head of the International Committee of the Red Cross (ICRC), Iran's Brig Gen Mohammad Bagherzadeh claimed the politics – Javad Salehi, Abdul Majid Dashtian and Imran Behroshian – had been held captive for six months. He said the body of a fourth pilot, Majid Kazemi, had been returned after he was killed in the same operation on 2 March 2026 – the third day of the war. Qatar "categorically denied" Iran's claims and said it was "surprised by these misleading statements". Bagherzadeh said the three pilots had been captured by Qatar after they ejected from their jets during a combat mission targeting a Qatari military base. (BBC News Web Page: 16/08/26, FARUK)

**HOUTHIS LAUNCH NEW ATTACKS ON AL-MAKHA AND MARIB AS YEMEN CONFLICT ESCALATES**

The Houthis launched a wave of missiles and drones at Yemen's Marib city and the coastal city of al-Makha (Mocha) overnight, killing several people, according to local media reports. An attack on Sunday hit the outskirts of al-Makha, a port city on Yemen's Red Sea coast, while another struck a main road in the city. Four people were killed and eight were injured in the overnight attacks, according to state media and the director of the al-Makha airport. Marib's government media office said six ballistic missiles and four drones targeted residential neighbourhoods in the city on Saturday evening, wounding four people and causing damage to homes and civilian infrastructure.
(BBC News Web Page: 16/08/26, FARUK)

**:: THE END ::**